এ কি রূপকথা থেকে তুলে আনা এক দেশ, না অন্য গ্রহের অংশ, না কি কল্পনার শহর? না, এগুলোর কোনওটাই নয়, ক্যাপাডোকিয়া একেবারেই সত্যিকারের এক শহর, টার্কীর মাঝখানে। অনেক, অনেক হাজার বছর আগে এরসিয়েস, হাসান পর্বত আর মেলেন্ডিজ পর্বত নামে তিনটি আগ্নেয়গিরি ঢেলে দিয়েছিল লাভা, পাথর আর ছাই, যা দিয়ে তৈরী হয়েছিল ক্যাপাডোকিয়ার এই বিচিত্র স্থান - পাহাড়, উপত্যকায়। পৃথিবীতে এই রকমের দৃশ্য খুব সুলভ নয়। শাদা রঙের এরসিয়েস পাহাড় এয়ারপোর্ট থেকেই দেখা যায়। অন্য দুটির চিহ্ন শুধু চতুর্দিকে ছড়ালো বিচিত্র আকৃতির পাথরে, মৌচাকের মত গুহাবহুল ছোট ছোট পাহাড়ে। ছাই দিয়ে তৈরী হয়েছিল অপেক্ষাকৃত নরম, ছিদ্রময় হালকা রঙের পাথর, তার নাম টুফা। আর লাভা দিয়ে তৈরী হয়েছিল কঠিনতর পাথর, নানা গাঢ় রঙের। লক্ষ বছর ধরে বৃষ্টি, তুষার, জলস্রোত, বাতাস আর ভূমিকম্পের প্রকোপে এই দূরকমের পাথর মিলে মিশে আকার নিয়েছে কোন, স্তম্ভ, ব্যাঙের ছাতা, বা আরও কত শত বিচিত্র রূপ। অনেক পাথরের স্তম্ভে নরম টুফার ক্ষয় হয়েছে বেশি, কিন্তু মাথার ওপরে শক্ত পাথর টুপি মত বসে আছে, সেগুলোর নাম 'ব্যাঙের ছাতা'। এই রকম আরো নানা রকমের নাম আছে, কোন্ পাথর দেখে কি মনে হয় তার ওপর নির্ভর করে। যেমন পরীর চিমনী, মাঝের দুর্গ, উট, আঙুল, চুম্বনরত হংসযুগল ইত্যাদি।

যাই হোক, এখানকার এই অদ্ভুত ভূতাত্ত্বিক ইতিহাসের দৌলতে এখানকার সামাজিক ইতিহাসেও বৈচিত্র্য আছে। পাহাড়গুলো এমন কি মাটির তলাতেও অজস্র গুহা প্রাকৃতিক ভাবেই তৈরী হয়েছিল। অনেক পাহাড়েই বাইরে থেকে দেখলে বোঝা যায় না যে তার মধ্যে এত গুহা আছে। তার সদ্যবহার করেছিলেন খৃষ্টধর্মের প্রথম দিকের কিছু শিষ্য-শিষ্যা। অত্যাচারের ভয়ে তাঁরা পালিয়ে এসে আশ্রয় নিয়েছিলেন এই সব গুহাতে, তারপর নিজেরা অনেক যত্ন আর অনেক কষ্ট করে মাটির নীচে গোপন গুহা-নগর তৈরী করেছিলেন। বায়ুচলাচলের জন্য প্রয়োজনমত ওপরে ফুটো করে নিয়েছিলেন তাঁরা। গোরেম আর কায়মাকলি এই রকম ভাবে সৃষ্ট আশ্রয়-স্থল। ইউনেস্কোর আশির্বাদধন্য। গাইড এই সুড়ঙ্গের জাল কিছুটা দেখাতে নিয়ে যায় টুরিস্টদের, যদিও আমি পুরোটা যাই নি অস্বস্তির ভয়ে। মাটির ওপরেও ছোট ছোট পাহাড়ের মধ্যে গুহাতে তাঁরা থাকতেন, খাওয়া-দাওয়া করতেন, আর গীর্জা তৈরী করে প্রার্থনা, ধর্ম-কর্ম করতেন। গাছ-গাছড়া থেকে তৈরী রঙ ব্যবহার করে তাই দিয়ে আঁকতেন যীশুখৃষ্টের জীবনের চিত্রাবলী, মা মেরী, সেইন্ট জর্জের ড্রাগন বধ ইত্যাদি ছবি।

একটি এলাকার নাম 'পায়রার উপত্যকা', সেখানে পাহাড়ের গায়ে খুব ছোট ছোট গর্ত নানানো হয়েছিল, যাতে শত শত পায়রা ঢুকে ওখানে থাকতে আর ডিম পাড়তে পারে। এরা যে ময়লা তৈরী করে সেটা আঙুর ক্ষেতে সার হিসাবে ব্যবহার হয়।

মাটির তলায় সুড়ঙ্গ দিয়ে এই উপত্যকা গোরেম আর কায়মাকলির সাথে যুক্ত। ক্যাপাডোকিয়ার আঙুর রস থেকে বানানো সুরা বেশ নামকরা।

সময়ের পরিবর্তনের সাথে সাথে সাংস্কৃতিক ও রাজনৈতিক পরিবর্তন এসেছে। খৃষ্টানদের লুকিয়ে থাকার প্রয়োজন একদিন ফুরিয়ে গেছে। কিন্তু গুহার ব্যবহার অব্যাহত থেকেছে। বর্তমান ক্যাপাডোকিয়া সুন্দর আধুনিক শহর। সেখানে সুন্দর পিচঢালা চওড়া রাস্তা, দোকান-পাট, আধুনিক বাড়িঘর সবই আছে, কিন্তু এই এলাকার মধ্যের অনেকখানি অংশ প্রাচীন ইতিহাসের জীবন্ত উদাহরণ। সেখানে বাড়ির পর বাড়ি তৈরী হয়েছে গুহার ওপরে, নীচে, চারিদিকে, পাহাড়ের গায়ে। সেখানে লোকে বাস করে, আর তার পাশাপাশি হোটেল, রেসটুরেন্টও তৈরী হয়েছে। ঐ এলাকাতে পথঘাট কিন্তু আগের মতই- সরু, চড়াই- উৎরাই ভরা, উবড়ো-খাবড়া পাথর বসিয়ে তৈরী। ওখানকার লোকেরা ওটা বদলাতে চায় না। ২০১৩ সালের অক্টোবরে আমার ক্যাপাডোকিয়া দেখবার সৌভাগ্য হয়েছিল, আমিও চাই না ঐ এলাকাটার আধুনিকীকরণ বা তথাকথিত উন্নতিসাধন কখনও হোক।

ভিনদেশীর আত্মদর্শন

সংঘমিত্রা চক্রবর্তী



তুমি ডাক দিয়েছ কোন সকালে

কেউ তা জানেনা।

কিন্তু ডাক শুনলেই কি সেই ডাকে সবসময় সাড়া দেওয়া যায়? এই মানব জীবন কতরকম দড়িদড়া দিয়ে আস্টেপুষ্ঠে বাঁধা। সেই দড়ি থেকে নিজেকে মুক্ত করতে চাইলেও কখনো কখনো তা হয়ে ওঠেনা। আবার কখনো বা সেই বন্ধন থেকে মুক্ত হতে মন ও চায়না। কিন্তু আমাদের এই জীবনের মতো এতবড় রসিকপ্রবর আর কেউ আছে বলে তো ঠাহর হয়না। রবীন্দ্রনাথের সেই ‘জীবনদেবতা’ কতো রহস্যে, কতো চমকে ভরিয়ে রেখেছেন জীবনের হাজারো পথ, প্রতিটি বাঁক। এক একটা মোড় আসে জীবনে আর মনে হয় যেন পাল্টে গেলো গোটা জীবনটাই। সেই মোড়ে দাঁড়িয়ে মাঝে মাঝে রাস্তা আর ঠাহর হয়না। মনে হয় এটিই বুঝি জীবনের শেষ মোড়। অলক্ষ্যে দাঁড়িয়ে মুচকি হাসেন রসিকপ্রবর জীবনদেবতা। হঠাৎই একদিন দেখা যায় নিকষকালো মোড়ের আঁধার ফুঁড়ে বেরিয়ে এসেছে একটুকরো আলো। সেই আলো যেন বলছে- থেমে থেকোনা। সামনে এগোও। এখনো ফুরোয়নি পথ। অতিক্রম করতে হবে তোমায় এখনো অনেকটা পথ। তোমার জন্য পথের দেবতা এখনো নানান মোড়ে সাজিয়ে রেখেছেন অনেক বিস্ময়, অনেক আনন্দ। এই আহ্বান অগ্রাহ্য কোরোনা। জীবন কিন্তু বড়ো নিষ্ঠুর। তুমি থাম লেই সে তোমাকে পেরিয়ে চলে যাবে অনেক অনেক দূর তোমাকে ফেলেই।

কাজেই জীবনের ডাক যখন এলোই সেই ডাকে সাড়া না দিয়ে পারা যায়? ডাক এলো সাত সমুদ্রের তেরো নদীর পাড় থেকে, সুদূর ক্যানাডা থেকে। কর্মজগৎ থেকে সাময়িক ছুটির বন্দোবস্ত হয়ে গেল। অন্য দেশে ঢোকান ছাড়পত্রও মঞ্জুর হয়ে গেল যথাসময়ে। তারপর আর কি? এক শুভদিনে আকাশে দুটি ডানা মেলে দেওয়ার অপেক্ষা।

এইটুকু পড়ে যদি কোনো পাঠক (যদি অবশ্য ভাগ্যগুণে এই লেখা পড়ার মতো কোনো পাঠক থাকেন) আতঙ্কিত হয়ে পড়েন এই ভেবে যে আমি ‘আড়িয়াদহে আড়াইদিন’ মাসিক আরেকটি ভ্রমণবৃত্তান্ত ফেঁদে বসতে চলেছি, তাহলে তাঁকে অভয় দিয়ে বলতে পারি, না, এটি ক্যানাডা ভ্রমণোপাখ্যান নয়। পরন্তু এখানে এসে আমার যে কিছু চিন্তার উদয় হয়েছে সেগুলি লিপিবদ্ধ করারই এটি একটি করুণ অথবা হাস্যকর প্রয়াস।

বলাবাহুল্য সমুদ্র পেরিয়ে এত দূর দেশে এই আমার প্রথম গমন। আমার লেখাপড়া, কর্মজীবন, পারিবারিক তথা সামাজিক জীবন সবই আবর্তিত হয়েছে স্বদেশকে কেন্দ্র করেই। এককথায় আমি আদ্যন্ত কোলকাতা কেন্দ্রিক। তাই উড়োজাহাজ থেকে নেমে প্রথম যখন এই দেশের সঙ্গে চক্ষুকর্ণের বিবাদভঞ্জন ঘটলো একটু ধাধাঁ লেগে গিয়েছিল বৈকি হঠাৎ একটু বেশীরকম আলোর ঝলকানি লেগে। এইরকম ঝাঁ চকচকে মসৃণ রাস্তাঘাট, এইরকম ট্র্যাফিক ও তার অনুশাসন এবং আন্তরিকভাবে সেই অনুশাসন পালন করার মনোবৃত্তি তো খুব বেশি আমাদের কোলকাতা শহরে চোখে পড়েনা। সবচেয়ে বেশী প্রথমে যা মন কেড়ে নিয়েছিল তা হলো শহরের মধ্যখানে হঠাৎ হঠাৎ গজিয়ে ওঠা প্রশস্ত বনভূমি। ডাউনটাউন তো আছে তার জায়গাতেই। পৃথিবীর যেকোনো ধনী দেশের ডাউনটাউনের সঙ্গে তা তুলনীয়। কিন্তু প্রকৃতই হৃদয় হরণ করেছে এই বিস্তৃত শ্যামলিমা। মনে মনে ভাবছিলাম কোলকাতার লেকমার্কেট বা গড়িয়াহাট অথবা কলেজস্ট্রীটে কোলকাতা বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসের ঠিক পরেই হঠাৎ যদি শুরু হয়ে যেত বিস্তীর্ণ বনরাজি, সেই বনের গাছ পাইন, পপলার, ওক, বার্চ না হয়ে হোকনা আম, জাম, কাঠাল কি কৃষ্ণ চূড়ার সারি- কি ভালোই না হত। (যদিও আমাদের কোলকাতায় ময়দান বলে একটি বস্তু আছে যা নেহাৎ ফেলনা নয়। কিন্তু সেতো একটি জায়গায় কেন্দ্রীভূত) আর ভালো লেগেছে এই দেশের দূষণহীন বাতাস আর মাথার ওপর উদাত্ত আকাশ। কোনো একটি ব্যস্ত শহরে যে এরকম উদার আকাশ দেখা যেতে পারে তা আমার ধারণার বাইরে ছিল। আর কতরকম রঙের বাহার সেই আকাশে! কতরকম মেঘের খেলা। সেই রূপসাগরে ডুব দিতে দিতে রবীন্দ্রনাথের গানের সেই কলি মনে পড়ছিল -

অমল ধবল পালে লেগেছে মন্দ মধুর হাওয়া

দেখি নাই আমি দেখি নাই কভু এমনো তরণী বাওয়া।

তারপর মাসখানেক অতিক্রান্ত হলো। চোখটা একটু ধাতস্থ হলো। মনটা হলো স্থিতধী। দেখলাম দেশটার মতো মানুষজনও ভারী সুন্দর। না, আমি বাইরের সৌন্দর্যের কথা বলছি। বলছি

ভেতরের সৌন্দর্যের কথা। আমি হয়তো একটু একাই বেড়িয়েছি। সঙ্গে পরিবারের চারপেয়ে খুদে সদস্যটি। হঠাৎই ‘হাই’ শব্দে ঘাড় ঘুরিয়ে দেখি সম্পূর্ণ অচেনা একজন মানুষ হাসিমুখে আমার দিকে তাকিয়ে আছেন। বাগানে জল দিচ্ছি। পাশের বাড়ীর ভদ্রমহিলা ছুটে এসে একমুঠো রাঙ্গাবেরি হাতের মধ্যে গুঁজে দিলেন একগাল হেসে। অবাক হয়ে তাকিয়ে থাকি তাঁর মুখে র দিকে। অপার বিশ্বয়ে ভাবি প্রায় অচেনা এই ভদ্রমহিলার গ্রহিষ্ণু ক্ষমতার কথা।

এই গ্রহিষ্ণুতাই কিন্তু নিয়ে আসে একটি মানুষকে অপর একটি মানুষের কাছে, হয়তো বা একটি দেশকে আর একটি দেশের কাছেও। ইংরিজিতে একেই আমরা বলে থাকি পাওয়ার অফ অ্যাকসেপ্ট্যান্স। জীবনের সব ক্ষেত্রেই এই পাওয়ার অফ অ্যাকসেপ্ট্যান্স বড় জরুরী। আমরা তো আমাদের প্রিয়জনদের গ্রহণ করি তাদের দোষগুণ বাছবিচার না করে। তাদের গুণের করি তারিফ ও কদর আর দোষ থাকলে তা শুধরে দেওয়ার চেষ্টা করি। দূরে ঠেলে সরিয়ে দিইনা। একটা সিনেমায় দেখছিলাম মেয়ে একটা গুরুতর অপরাধ করেছে মার কাছে। মা প্রচণ্ড আঘাত পেয়েছেন তার ব্যবহারে। তাই বলে কিন্তু মেয়েকে দূরে সরিয়ে দিয়ে মা পাওয়ার অফ রিজেকশনের বশীভূত হচ্ছেননা। বরং একচড় মেরে মেয়েকে বলছেন- যতবার তুমি দোষের মধ্যে ডুবে যাবে ততবার হাত ধরে আমি তোমায় সেই দোষ-সমুদ্র থেকে তোলার চেষ্টা করে যাব। কিন্তু তোমাকে ঠেলে দূরে সরিয়ে দেবনা। তোমার নিস্তার নেই আমার হাত থেকে।(বিভিন্ন দেশের রাষ্ট্রনায়কগণ এই চিন্তার শরিক হলে হয়তো পৃথিবীব্যাপী হানাহানি থেকে বসুন্ধরা মাতা একটু নিস্তার পেতেন।)

এই দেওয়া আর নেওয়ার মধ্যেই কিন্তু লুকিয়ে রয়েছে মানব সভ্যতা।

দিবে আর নিবে মিলাবে মিলিবে যাবেনা ফিরে

এই ভারতের মহামানবের সাগরতীরে।

সেই ‘ভারত’ হতে পারেনা কি গোটা পৃথিবীর প্রতীক? হতে পারেনা কি সমগ্র বিশ্বের মিলনভূমি?

আজকাল বাংলা খবরের কাগজে দুটো শব্দ খুব চোখে পড়ে , ভুবনগ্রাম আর ভুবনায়ন যাকে আমরা ইংরিজিতে বলে থাকি গ্লোবাল ভিলেজ আর গ্লোবালাইজেশান। এই শব্দ দুটির মর্মার্থ আমি সঠিকভাবে উপলব্ধি করলাম এই দেশে এসে।এখানকার নামকরা সব প্রোসারি শপে যাই আর দেখি রাজকীয় ভাবে অধিষ্ঠান করছেন আমাদের আদি ও অকৃত্রিম বেগুণ,ঝিঙে, পটল, লাউ ইত্যাদি ইত্যাদি, অবশ্যই অন্য নাম নিয়ে। মাঝে মাঝে তো ঠাহরই হচ্ছিলনা আমি কোলকাতার

লেক মার্কেটে ঘুরে বেড়াচ্ছি না এদেশের কোনো সফিসটিকেটেড মার্কেটে। রেস্টোরাঁতে যেমন ভিনদেশী খাবার খাচ্ছি আবার বাড়িতে সেই ভাত, ডাল, চচ্চড়ি, মাছের ঝোল। মাঝেমধ্যে ইডলি, দোসা, সম্বর। তাই বলে যে বার্ষিকিউ বাদ পড়ছেন তাও নয়। মোটকথা ঝোলে, ঝালে, অম্বলে সব একাকার। কাজেই শুধু ইন্টারনেটই নয় খাদ্যও একটি মুখ্য ভূমিকা পালন করছে এই ভুবনায়ন সম্বন্ধে।

এই প্রসঙ্গেই একটা কথা আমার মনে হলো। স্বদেশ বলতে আমরা কি বুঝি। যেই দেশে আ মরা জন্মগ্রহণ করি, বেড়ে উঠি সেটাই কি আমার স্বদেশভূমি? আর যেই দেশে হয়তো বা একটু বড় হয়ে আরো একটু বেশী লেখাপড়া করতে আসি এবং লেখাপড়া সমাপ নাগ্তে সেইখানেই জীবিকা অর্জনের জন্য থেকে যাই তা আমার পরবাস? যেই অর্থে এই দেশটি আমার কাছে ভিনদেশ যেহেতু আমি অতিথি হিসাবে এই দেশে কয়েক মাসের জন্য এসেছি, সেই অর্থে কি আমার প্রিয়জনদের কাছে, যাদের জন্ম, বড় হয়ে ওঠা, লেখাপড়া করা তাদের স্ব স্ব স্বদেশভূমিতে কিন্তু বাকি জীবন কাটানো এই দেশে, এই দেশটি ততটাই ভিনদেশ না ছেড়ে আসা স্বদেশ ভূমির মতোই আরেকটা স্বদেশ? এখন হয়তো স্বদেশে তাঁরা আর ততটা স্বচ্ছন্দ বোধ করেননা যতটা করেন এই দেশে। বেশ কিছুদিন বাইরে বেড়িয়ে কাটানোর পর নিজ শহরের নাম রাস্তার মাইলফলকে দেখে ততটাই উৎফুল্ল বোধ করেন যতটা আমরা বোধ করি কিছুদিন অনুপ স্থিত থাকার পর আবার কোলকাতায় ফিরে।

প্রখ্যাত অর্থনীতিবিদ প্রণব বর্ধন তাঁর ‘স্মৃতি কণ্ডুয়ন’ বইটি শেষ করেছেন এইভাবে। সেই সমস্ত মানুষেরা খুবই হতভাগ্য যারা বিদেশের স্বাচ্ছন্দে থেকেও শুধু ভাবে নিজের দেশের কথা সেখানে শত প্রতিকূলতা থাকা সত্ত্বেও। ভাবে কবে ফিরবে দেশে। কিন্তু দেশে ফিরেও স্বস্তি নেই। দেশের পরিবেশের সঙ্গে মানিয়ে থাকা আর সম্ভব নয়। তাই আবার মন উচাটন স্বস্থানে প্রত্যাবর্তনের জন্য। ফিরেও আবার একই মনোভাবের পুনরাবৃত্তি। নিজেদের বিশ্ব নাগরিক ভেবেও, সবরকম কুপমণ্ডুকতার উর্ধ্বে নিজেদের রাখার চেষ্টা করেও এক অদ্ভুৎ বিপন্ন অস্থিরতার শিকার তারা।

এখানেই আমার সংশয়। কোনটাকে আমি নিজভূমি বলবো আর কোনটাকেই বা পরবাস। এটাতো ভাবা বোকামি যে পৃথিবীতে বিভিন্ন দেশ বলে কিছু থাকবেনা। গোটাটাই হবে একটা দেশ। ভূপ্রকৃতি অনুযায়ী, রাজনীতি, সমাজ, অর্থনীতি, ভাষা প্রভৃতি নানা মানদণ্ড বিচার করে সৃষ্টি হয়েছে এক একটি দেশ বা ভৌগোলিক রাষ্ট্র। প্রতিটি দেশেরই থাকে একটা নিজস্ব নিয়ম,

অনুশাসন, রাজনীতি। সেই অনুযায়ীই চলতে হয় সেই দেশের নাগরিকবৃন্দকে। কিন্তু একটা জিনিষ থাকে অনুশাসনের বাইরে, তা হলো মন। সেই মনের যে কখন, কাকে, কি জন্য ভালো লাগবে তা কেউই বলতে পারেনা। কাজেই জন্মসূত্রে ভারতীয় কিন্তু এদেশে বড় হয়ে ওঠা, এদেশে জীবিকা নির্বাহ করা কোনো মানুষ যদি আনন্দ করে বলে, গর্ব করে বলে এটিই আমার দেশ তাহলে তাকে বাহবা দিতে হবে তার গ্রহীষু মনের জন্য। সে পেরেছে। কিন্তু সঙ্গে সঙ্গে তার জন্মসূত্রে পাওয়া স্বদেশে গিয়েও তাকে সেই একই রকম গ্রহীষু মনের পরিচয় দিতে হবে। ঐ দেশ হয়তো এ দেশের তুলনায় অনেকটাই মলিন, জনভারে ন্যুজ, নানারকম দূষণে জর্জরিত। সেই দেশের লোকেরা হয়তো ততটা নিয়মনিষ্ঠ নয়। যেখানে সেখানে নোংরা করে। ট্র্যাফিক রুল মানেনা। কেননা সেটা তাদের স্বভাবে দাঁড়িয়ে গেছে। আর কে না জানে-হ্যাঁবিট ডাইস হার্ড। কিন্তু এত দোষ থাকা সত্ত্বেও যে কটা দিন জন্মসূত্রে পাওয়া বাসভূমিতে থাকা, আনন্দ করে থাকতে হবে। ভালোবেসে থাকতে হবে। কেননা এই দেশ যদি প্রিয় হয়, ঐ দেশওতো কম আপন নয়। আর আপনজনকে তো আমরা ভালোবাসি তার দোষগুণকে অনেক উর্ধ্বে রেখে।

দেবব্রত বিশ্বাস তাঁর এক গানে বলেছেন-

কোথায় যাবে তুমি

যেখানে যাও তুমি একই মাটি জল

একই নীলাকাশ।

এই দেশে এসে গানখানি আমি ভালোভাবে বুঝলাম। আগের দিন হয়তো বৃষ্টি হয়েছে। পরের দিন নীচে নেমে দেখি রোদে ভেসে গেছে চারদিক। আকাশ ঘন নীল। সেই ঘন নীল আকাশের বুকে সাদা মেঘের দল উড়ে যাচ্ছে বকপাঁতি সম। একেবারে দেশের শরৎকাল যেন নেমে এসেছে। শুধু শিউলীফুলেরই যা অভাব। আবার রাতে শুতে যাওয়ার সময় আকাশের দিকে চোখ পড়তেই চমকে যাই। আরে, এটা সেই একই চাঁদ নয় যেটা আমাদের কোলকাতার বাড়ির লিভিংরুমের জানলা দিয়ে উঁকি দিয়ে যায় ফি শুরুপক্ষে?

এই দেশে এসে আমার মনে হলো তুমি ঐ দেশের মানুষ আর এই দেশটা আমার - এই ভাগাভাগির কোনো মানেই হয়না। ঐ ভাগাভাগি তোলা থাকনা কেন রাজনীতিবিদদের জন্য, ভূগোলবিদদের জন্য। আমরা সাধারণ মানুষ ভাবিনা কেন যখন যেখানে থাকব সেটাই তখন

আমার দেশ। কেননা মাথার ওপর তো সেই একই সূর্য, তারা, চাঁদ, আকাশ। আরেকটা কারণ হলো কিছুদিনের জন্য হলেও আমার দেখভালের দায়িত্ব নিয়েছেতো সেই দেশেরই কোনো না কোনো মানুষ।

জানিনা আমার প্রিয়জনেরা এখানে আছে বলেই আমার এই মনোভাব হচ্ছে কিনা। জানিনা যেই দেশে আমার সেই অর্থে কোনো প্রিয়জন বাস করেনা সেখানে গেলে আমার একই অনুভূতি হবে কিনা। তবে ভাবতে দোষ কি? আর কবির কথাটিও আরেকবার বললেই বা কি দোষ?

দেশে দেশে মোর ঘর আছে

আমি সেই ঘর লব খুঁজিয়া।

আলাস্কার চিঠি

গৌর শীল



প্রিয় কুমারজ্যোতি,

সুদূর আলাস্কা থেকে অটোয়ায় ফিরেই তোমার আগের ই-মেলের অনুরোধ মনে পড়লো। তোমার ইচ্ছা আরামকেদারায় বসেই দুর্গম আলাস্কার কিছুটা দেখে আসা -- আমার কলম আর তোমার কল্পনা মিলিয়ে।

আমার এই চিঠি অবশ্য কোনো সাথর্ক ভ্রমনকাহিনী যে হয়ে উঠবে না সেটা তোমায় আগেই জানিয়ে দেয়া ভালো। আলাস্কায় সফরের যে সংক্ষিপ্ত বিবরণী এখানে পেশ করতে চলেছি তা অগভীর ও ক্ষণস্থায়ী অভিজ্ঞতার ফসল। চলন্ত ট্রেনের কামরা থেকে দেখা বাইরের দৃশ্যপট যেমন মুহূর্তকয়েকের মধ্যেই পেছনে মিলিয়ে যায় তেমনি আলাস্কার এই ঝটিকাসফরের স্মৃতি ইতিমধ্যেই কিছুটা ঝাপসা হয়ে গিয়েছে সন্দেহ নেই। উপরন্তু এই সফরের মূল বাহন একটি অতিকায় জলযান যা যাত্রীদের নিজে এক চলমান হোটেলের মতো এগিয়ে চলে এক বন্দর থেকে অন্য বন্দরে তার ফলে আলাস্কার দুর্গম জলজঙ্গলের বেশ কিছু অংশ চলমান ছবির মতো চোখের সামনে এগিয়ে আসে -- ডেক-চেয়ারে বসেই দেখে নেওয়া যায় দুর্গম গিরি থেকে দুস্তর পারাবার পর্য্যন্ত কিন্তু সেই তাৎক্ষনিক অভিজ্ঞতা আমরা ক্যামেরায় বন্দী করে রেখে দিই, স্মৃতির গভীরে তা পৌঁছয় না।

সফর শুরু আমেরিকার পশ্চিম উপকূলের অন্যতম প্রধান শহর সিয়াটল থেকে Norwegian Cruise Lines-এর জলযানটির নাম Jewel; ১৫-তলার এই যাত্রীবাহী জাহাজে ২৪০০-র কাছাকাছি যাত্রী আর প্রায় ১২০০ কর্মচারী দেখাশোনা ও নিরাপত্তার দায়িত্বে একটি প্রথমশ্রেণীর Resort Hotel-এর সবরকম সুবিধা পাওয়া যাবে এখানে-- খেলাধুলা, আমোদপ্রমোদ তথা চোখধাঁধানো নৃত্যগীতের বিভিন্ন বিচিত্রানুষ্ঠান ইত্যাদি।

আমাদের দলে আমরা ছ'জন, তিন প্রজন্ম মিলে। আটতলায় দুটো কাছাকাছি কেবিনে থাকার ব্যবস্থা, জানালায় সিয়াটল শহরের Skyline। চারটে বাজার একটু পরেই সেই Skyline ধীরে ধীরে পিছিয়ে যেতে লাগলো। ১৪-তলার ডেক থেকে সারিবন্দী যাত্রীরা হাত নেড়ে এক সপ্তাহের জন্য বিদায় জানালেন সিয়াটল মহানগরীকে। গন্তব্য দক্ষিণ-পূর্বদিকের আলাস্কা।

সিয়াটল থেকে বেরিয়ে কানাডার পশ্চিমপ্রান্তের ভ্যাকুভার আইল্যান্ডটিকে পাশ কাটিয়ে এই 'জুয়েল' জলযানটি প্রশান্ত মহাসাগরে ঢুকলো। তবে তীর থেকে খুব বেশী দূরে না যাওয়ায় কিছু কিছু কানাডার আলো চোখে পড়ছিলো একদিকে, অন্যদিকে আদিগন্ত অবিরল উচ্ছল উর্মিমালা। ক্রমশঃ রাত্রি নেমে এলো। চলমান যাত্রীনিবাসে তখন সান্ধ্যভোজের ব্যস্ততা, আমরাও যোগ দিলাম সেখানে। খাওয়াদাওয়া সেয়ে জাহাজের অডিটোরিয়ামে কিছুটা সময় আনন্দে কাটানো গেল কৌতুক-নক্সা ও ম্যাজিক দেখে। তারপর কেবিনে ফিরে 'গুডনাইট'।

পরের দিন সকালে যখন ঘুম ভাঙলো তখন আমরা মাঝদরিয়ায়। আকাশ মেঘে ঢাকা। বৃহদ্পু তরীরাজ চলেছে জল কেটে তার নিজস্ব মেজাজে...কলকল-ছলছল, মাঝেমাঝে টলমল। আজ Sea-Day, তাই কোথাও না থেমে তার শুধু এগিয়ে চলা, সারাদিন ও রাত।

দিনটা আমরা কাটালাম একরকম টিমে-তালে। এই রকম সমুদ্র-দিবসে সময় কাটাবার জন্য জাহাজে বিভিন্ন ধরণের ক্রীড়াকলাপের আয়োজন থাকে-যেমন Bingo খেলা, স্বাস্থ্যকর রান্নার ক্লাশ কিংবা ক্রীড়াকৌতুকের প্রতিযোগিতা। আমরা একটি সংবাদ সরবরাহ কেন্দ্রে খোঁজ নিয়ে জানলাম যে আগামীকাল সকাল ৭টায় আমাদের জলযানটি নোঙ্গর ফেলবে প্রথম বিরতিস্থল Ketchikan বন্দরে; তার পরের দিন দ্বিতীয় বিরতি আলাস্কার রাজধানী Juneau শহরে; এবং তৃতীয় বিরতি হবে আরো একদিন পরে Skagway নগরে। ঐ তিন দিন-ই জাহাজ থেকে নেমে বিশেষ বিশেষ দর্শনীয় স্থানে ঘুরে আসার সুযোগ থাকবে।

সাগরের বুকে চিরে আমাদের বাহনটি এগোচ্ছিলো শান্তিক্রান্তিহীন। বাইরের দৃশ্যে কোনও পরিবর্তন নেই। আকাশ রইলো মেঘে ঢাকা; জলে উঠছিলো ঢেউ, আছড়ে পড়ছিলো জাহাজের গায়ে, তার দোলায় সাঁতারের জলাধার থেকে উপচে ওঠা জলে ভিজে যাচ্ছিলো ডেকের ওপর পায়ে চলার পথ। Jewel-এর কম্বিনো নাইলনের জাল বিছিয়ে দিলেন সাঁতারের চৌবাচ্চায়া। জায়গায় জায়গায় শক্ত কাগজের ঠোঙা কয়েকটা চোখে পড়লো -- জাহাজের দুলুনিতে অসুস্থ বোধ করলে ব্যবহারের জন্য। তাছাড়া আর সবই চলছিলো স্বাভাবিকভাবে। Bar-B-Q, Buffet অথবা কোনো রেস্তোঁরায় বসে দুপুরের খাওয়ার ব্যবস্থা ছিলো, আমরা গেলাম চটজলদি এক কাফেটেরিয়ায়।

খাওয়া সেরে আমরা কিছুক্ষণ নীরবে সময় কাটাতে জাহাজের লাইব্রেরীতে উপস্থিত হলাম। আরো কিছু যাত্রী সেখানে তখন ছিলো। একটা বড় ঘর, তার তিন দিকের দেওয়ালে বইয়ের আলমারী আর এক দিকের বড় বড় জানালার পিছনে চঞ্চল সমুদ্র। একটা বই নিয়ে সময় কাটাবার সুন্দর জায়গা। কিন্তু বইয়ের আলমারীগুলো বন্ধ কেন? আর কোনও কর্মচারীও সেখানে ছিল না সাহায্য করতে। বোধহয় এখন তাদের বিরতির সময়। যাই হোক, ওখানে চুপচাপ বসে বিশ্রাম করতে কোনও বাধা ছিলো না।

১৩-তলার ডেক-এ বেড়াতে বেড়াতে দেখছিলাম 'মেঘের অন্তরপথে অন্ধকার হতে অন্ধকারে' দিন কেমন চলে যায়। একটু আগে ক্যাপ্টেন সাহেব ঘোষণা করেছেন যে সন্ধ্যার কিছু পরে Norwegian Jewel গভীর সমুদ্র ছেড়ে Inside Passage-এ ঢুকবে। সেই সঙ্গে তিনি কিঞ্চিৎ ভৌগলিক তথ্য পরিবেশন করলেন, জানা গেল যে ঐ Passage-টি কানাডার Vancouver মহানগর থেকে আলাস্কার Skagway বন্দর অবধি ১৭০০ কি.মি. লম্বা এক পরিচিত জলপথ। এর একদিকের কানাডার পশ্চিম উপকূল এবং অন্যদিকের কয়েকটি বড় ও মাঝারি দ্বীপপুঞ্জ একে প্রশান্ত মহাসাগরের তুফান-ঝড় থেকে সুরক্ষিত করে রেখেছে অনেকটাই। তাই আমাদের এই জলযান এবার এগোবে শান্ত সর্পির্ল গতিতে, প্রবল বাতাস বা ঢেউ তাকে দোলাবে না।

জাহাজ চললো Inside Passage-এর দিকে আর আমরা ৭-তলার এক প্যাসেজ ধরে পৌঁছলাম একটা ছোট রেস্তোঁরায়। খুব তেমন খিদে ছিল না সকলের তাই সুপ, স্যালাড, আর গ্রিলে সেকা স্যামন মাছ খেয়েই পেট ভরে গেল, বাচ্চারা ছাড়া কেউ আইসক্রিম বা মিষ্টান্ন কিছু খেল না। আমি এক কাপ কফি দিয়ে শেষ করলাম পাঁচ পদের ডিনার; তারপর প্রশস্ত অডিটোরিয়াম হলে আসন নেওয়া গেল। একটু পরেই শুরু হলো প্রোগ্রাম। লাস-ভেগাসের অনুকরণে বানানো নাচ ও জিমন্যাস্টিকের এক Fushion, চললো ঘণ্টাখানেক। দারুণ কিছু না হলেও ভালই লাগলো, তারপর আমরা কেবিনের দিকে হাঁটা দিলাম।

আগামীকাল সকালে তাড়াতাড়ি তৈরী হয়ে জাহাজ থেকে বেরোতে হবে এইরকম পরিকল্পনা। কেবিনে ঢুকে চোখে পড়লো খাটের ওপর বসে থাকা ধবধবে সাদা খরগোশটি। তোয়ালে-শিল্পের ঐ অনবদ্য নমুনাটিকে সযত্নে পাশের টেবিলে বসিয়ে রেখে আমরা ঘুমোতে গেলাম।

পরের দিন ঘুম ভেঙে দেখি আকাশ মোটামুটি পরিষ্কার। জানালা দিয়ে চোখে পড়লো দূরে দাঁড়িয়ে কয়েকটা পাহাড় - গতকালের আদিগন্ত সমুদ্র একেবারে উধাও। আমাদের বাহনটি তখনও ধীরগতিতে চলছে। একটু পরেই Ketchikan বন্দরে পৌঁছে থামলো জাহাজ। এখানে সাড়ে সাত ঘন্টার বিরতি।

আলাস্কার দক্ষিণ-পূর্বের এই শহরটি আকারে-প্রকারে ছোট হলেও (আয়তন:15.3 sq km; জন সংখ্যা: 8,200) এর লেজুরটি ছোট নয়। একসময়ে Ketchikan-কে উল্লেখ করা হোত “The Salmon Capital of the World” নামে। সে গৌরবের দিন গত হলেও স্যামন মাছের চাষ এখনো এখানে অব্যাহত। তার কিছু নমুনা দেখা যায় এখানকার Thomas Basin Boat Harbor-এ, যেখানে নোঙ্গর ফেলে দাঁড়িয়ে থাকে কয়েক শো মাছ ধরার লঞ্চ।

Ketchikan-এর খ্যাতির মুকুটে আর একটি ‘রঙীন পালক’ এ খানকার Totem Pole শিল্প। গাছের গুঁড়ি খোদাই করে তার ওপর মুখমণ্ডল তথা দেহাবয়বের ছবি ফুটিয়ে এক অতি আকর্ষণীয় ভাস্কর্যশিল্পের নমুনা তুলে ধরেছেন স্থানীয় শিল্পীরা - বিশ্ববিখ্যাত খোদাইশিল্পী Nathan Jackson তাঁদের অন্যতম। Ketchikan শহরের কাছাকাছিই তিনটি বড় বড় Totem Pole-এর কালেকশনে রয়েছে শতাধিক নমুনার প্রদর্শনী।

Norwegian Jewel যেখানে নোঙ্গর ফেলেছিল তার অনতিদূরেই Waterfront Promenade। সেখান থেকে আমরা একটা Local Bus-এ উঠলাম ১০ মাইল দূরে Totem Bight State Historical Park-এ যাব বলে। বাসটা শহরের মধ্যে আধ ঘন্টা ঘোরাঘুরি করে বাইরে চলে এলো - তারপর দশ মিনিট পরে পৌঁছালো Totem Bight Park-এর সমুখে। Park-টি বেশ মনোরম পরিবেশে দাঁড়িয়ে আছে sea channel-এর ধার ঘেঁসে, আর ভেতরে বিভিন্ন জায়গায় দাঁড়করান আছে বিভিন্ন ধরণের টোটেম পোল।

আমরা যা যা দেখার দেখে নিলাম ঘুরে ঘুরে। একটা Workshop-এ কয়েকটা Totem Pole শোয়ানো, সারানো হচ্ছে তাদের। তার একটু দূরে Clan House ধরনের একটা গায়ে ছবি-আঁকা বেশ বড় ঘর, মেঝে ছিল তার মাটির। বৃষ্টি শুরু হয়ে যাওয়ায় আমরা সেখানে আশ্রয় নিলাম। Ketchikan-এ প্রচুর বৃষ্টি হয় (বছরে 160 ইঞ্চি), তবে বরুনদের আমাদের ওপর সদয় ছিলেন-পাঁচ মিনিটের মধ্যে বৃষ্টি থেমে গেল। তখন আমরা বাস ধরতে ষ্টপেজে এসে দাঁড়ালাম। সময়মতো বাস এসে গেল, আমরাও উঠে বসলাম।



Ketchikan শহরের মধ্যে দিয়ে একটা নালার মতো স্ফীণশ্রোতা জলধারা বয়ে চলেছে, নাম Ketchikan Creek। আমাদের বাস তার কাছে থামলো। নেমে একটু এগোতেই এসে গেল একটা কাঠের সাঁকোর মতো, -- একটা Boardwalk -- আমরা সেখানে দাঁড়িয়ে নীচের জলে স্যামন মাছের দৌড়াদৌড়ি দেখছিলাম। এই Boardwalk-এর নামই Creek Street, শহরের বিপন্নকেন্দ্র। কয়েকটি দোকান ঘুরে কিছু কেনাকাটা হোল। তারপর আমরা চললাম জাহাজের দিকে পায়ে হেঁটে। বেলা তখন প্রায় ১-টা।

জাহাজে ফিরেই আমরা দুপুরের খাওয়া সেবে নিলাম। সকালের ঘোরাঘুরিতে বেশ পরিশ্রম হয়েছিলো তাই একটু বিশ্রামের দরকার ছিলো। আমরা ১২-তলায় ডেক-চেয়ারে বসে গেলাম। একটু পরে জাহাজও নোঙ্গর তুললো -- সারারাত সে চলবে Inside Passage দিয়ে আলাস্কার রাজধানী Juneau শহরের দিকে।

পরের দিন সকালে Juneau পৌঁছলাম আমরা সকাল সাতটায়। এই রাজধানীশহর (আয়তনে 8430 sq km, লোকসংখ্যা প্রায় তেত্রিশ হাজার) আকারে আয়তনে আলাস্কায় তিন নম্বর। শহরের মধ্যে ঐতিহাসিক অট্টালিকা ও আকর্ষণীয় সংগ্রহশালার অভাব নেই। তবে শহর থেকে ১৪ মাইল দূরে রয়েছে প্রকৃতির এক অনবদ্য বিষয় - Mendenhall Glacier। অনেক ওপর থেকে নেমে এসে এই হিমবাহটি শেষ হয়েছে বরফ গলা এক লেকের ওপরে, আর তার ঠিক পাশ দিয়ে নেমেছে দুদার্ত এক জলপ্রপাত। অকৃপণ প্রকৃতির দুটি অপরূপ সৃষ্টি একেবারে পাশাপাশি।

আমরা ছ'জন জাহাজ থেকে নেমে একটা ট্যাক্সিতে উঠে Glacial Highway ধরলাম। ১৪ মাইল রাস্তা গেছে একটা Rainforest-এর ভেতর দিয়ে, নয়নাভিরাম বুলন্ত রঙীন লতানে চারাগাছ হাওয়ায় ঢুলছে সেখানে। শীঘ্রই এসে গেল Mendenhall Glacier Visitor Center। এখানকার viewpoint থেকে হিমবাহ ও জলপ্রপাতের ভাল ছবি আসে। Visitor Center-এর পাশ দিয়ে নিচের লেকে নেমে যাওয়ার একাধিক পথ আছে, তারই একটা ধরে প্রায় সাড়ে তিন মাইল অরণ্যপথে হেঁটে আমরা পৌঁছলাম Nugget Falls-এর কিনারায়। উত্তুঙ্গ পাহাড়ের ঢাল দিয়ে প্রবলধারায় নেমে আসছে সে। তার পাশেই খমকে দাঁড়িয়ে আছে ১২ মাইল লম্বা ও ১ মাইল চওড়া মেনডেনহল হিমবাহটি -- যেন এক প্রস্তরীভূত নীলাভশুভ্র তুষারবন্যা।



আমরা স্তব্ধ হয়ে দেখছি প্রকৃতির এই প্রশান্ত-উচ্ছল দ্বৈতরূপ...এইসময় মোবাইলফোন বেজে উঠলো। আমাদের ট্যাক্সিচালক জানাচ্ছে তার উপস্থিতি। অতএব Mendenhall-কে বিদায় দিয়ে আমাদের ওপরে উঠে যেতে হবে। বেলা এগারোটায় আমরা রওনা দিলাম ফেরার পথে। হাতে ঘণ্টাখানেক সময় ছিলো তাই Downtown-এর কিছুটা ঘুরে নেওয়া গেল। তারপর, ব্যাক টু দি বোর্ট।

জাহাজে ফিরে গতকালের মতোই লাঞ্চ খেতে গেলাম সকলে। পরিষ্কার ছিল আকাশ, তাপমাত্রা ১৮ ডিগ্রী সে. প্রায়। লাঞ্চ শেষ হবার একটু পরেই জাহাজ ছাড়লো। আজ বিকালে এই জলযান একটা হিমবাহর কাছে যাবে। আমরা ডেকচেয়ারে গুছিয়ে বসলাম। প্রথমে দূরে দূরে বালির চড়ার মতো কয়েকটা ভূখন্ড চোখে পড়লো, সেখানে কিছু কিছু জন্তু-জানোয়ার খাদ্যের সন্ধানে ঘুরে বেড়াচ্ছিল এদিক সেদিক। জাহাজের লাউডস্পীকারে মাঝে মাঝে ঘোষণা করে জানিয়ে দেওয়া হচ্ছিলো জীবজন্তুর গতিবিধি।

Norwegian Jewel ক্রমশ এগোতে থাকলো Tracy Arm Fjord ধরে -- পাশে পাশে চলেছে Granite-এর অত্যাশ্চর্য দেওয়াল, যাদের গা বেয়ে মাঝেমাঝে নেমে আসছে ছোট ছোট ঝরণা। অল্পক্ষণ পরে ডেকের বিভিন্ন অংশ থেকে উল্লাসধ্বনি উঠলো, 'ঐ আসে ঐ অতি ভৈরব হরষে', ধ্যানগম্বীর Sawyer Glacier। জল কেটে সাবধানে এগোতে থাকে আমাদের জলযান আর স্পষ্ট থেকে স্পষ্টতর হয় লোলজিহ্ন হিমবাহের মুখবিস্তার আর তা থেকে ভেঙে পড়া ইতস্ততঃ ভাসমান চাঁই চাঁই বরফখন্ড। একেবারে টিল-ছোঁড়া দূরত্বে এসে থামলো আমাদের দুঃসাহসী সমুদ্রতরী, তারপর বৃত্তাকারে ঘুরলো একবার -- দুদিকের ডেক থেকে সহস্রাধিক যাত্রীর করতালিধ্বনির মধ্যে। তারপর একটি ভোঁ বাজলো সজোরে...Sawyer-কে বিদায় জানিয়ে Jewel এগোল সমুখপানে। তাকে যে রাতভোর চলতে হবে Skagway বন্দরের দিকে।

Skagway আমাদের (এবং অধিকাংশ আলাস্কাযাত্রীর) সফরের শেষ শহর। Inside Passage বা তথাকথিত Marine Highway এখানে এসেই শেষ হয়েছে। এর পরে আরও উত্তরে Canada-র Yukon অঞ্চলে যাওয়া যাবে মোটরযানে অথবা স্পেশাল ট্রেনে। এখানকার লোকসংখ্যা দু-হাজারেরও কম, তাও গরমকালে। কিন্তু এর ইতিহাস বৈচিত্র্যময়।

ঊনবিংশ শতাব্দীর শেষের দিকে Canada-র Dawson City অঞ্চলে সন্ধান মিলেছিলো সোনার খনির। (Skagway থেকে দুর্গম হাঁটাপথে প্রায় চারশো মাইল)। খবর পেয়ে সুদূর Seattle ও অন্যান্য শহর থেকে ভাগ্যবশীরা দল জলপথে পাড়ি দিয়ে এখানে এসে উপস্থিত হোত - হাঁটা পথ ধরার আগে। এই শহর থেকেই শুরু হোত তাদের সোনার সন্ধানে সর্ব্ব পণ করে জুয়াখেলা; 'তোরা যে যা বলিস ভাই, আমার সোনার হরিণ চাই'! সেই ঘটনা ইতিহাসে স্থান পেয়েছে Klondike Gold Rush নামে।

ঐতিহাসিক সেই স্বর্ণসন্ধানের যুগে Skagway শহরকেদ্রে দোকান, বাজার, পান-ভোজনের বিশেষ রমরমা। লোকসংখ্যা ১০ হাজার ছাড়িয়ে যায়। কিন্তু ভাগ্যের পরিহাসে পাঁচ বছরের মধ্যেই সুবর্ণগোলকটির হাতছানি বন্ধ হয়ে গেল, লোকজনও হলো উধাও। 'হেথা নয় হেথা নয় অন্য কোথা অন্য কোনোখানে'।

এই ধরণের অভিযান শেষ হয়ে গেলে পরিত্যক্ত শহরটি ভূতুড়ে তকমা এঁটে বসে থাকে অ নাগত সুদিনের আশায়। সেই বহুপ্রতীক্ষিত সুদিন ফিরলো জলযানবাহী আলাস্কাসফর শুরু হওয়ার পরে। এখন মে থেকে সেপ্টেম্বর এই পাঁচ মাস প্রতিদিন দু-তিনটি বিশাল ভ্রমণতরী এখানে নোঙ্গর করে আর গড়ে পাঁচ হাজার যাত্রীর দল আছড়ে পড়ে শহরের রাস্তাঘাট দোকান-বাজার কিংবা রেস্তোঁরা-কাফেতে। অনেকে এখান থেকে উঠে পড়ে স্পেশাল ট্রেনে, ঘুরে আসা যায় USA-Canada সীমান্তের Whitepass Summit, পাহাড়ী পথে সুগভীর খাদের পাশ দিয়ে হৃদস্পন্দন-খামানো ভয়াল-মনোহর দৃশ্যাবলী উপভোগ করে।

Klondike Gold Rush-এর ইতিহাসে এই শহরের ভূমিকা বোঝাতে এখানকার Park Service Office-এর কল্যাণে পায়ে-হাঁটা ট্যুর নেওয়া যায়। সেই Tour-guide দুই ঐতিহাসিক চরিত্রের কথা জানালেন। একজন কুখ্যাত Soapy Smith, গুন্ডাদলের পাঁচাবিশেষ; অন্যজন শেরিফ William Reid, যার সঙ্গে ডুয়েল লড়তে

গিয়ে Soapy Smith-এর জীবনাবসান হয়। শহরের একপ্রান্তে একটা কবরখানায় দুজনেরই সমাধি আছে। সেই সমাধিচত্বরের একদিকের জমি বেশ খাড়াই, সেখান থেকে দুর্গম হাঁটাপথে কিছুটা নামতেই দেখা যাবে পাশের পাহাড় থেকে নেমে আসা খরগতি জলধারা - Lower Reid Falls যার নাম। কিছুক্ষণ সেটা দেখে ফেরার পথে আমরা যখন হাঁটছি তখন পাশের রেললাইন দিয়ে একটা ট্রেন চলে গেল। সম্ভবতঃ Whitepass Summit থেকে ফিরে এল রোমাঞ্চকর অভিজ্ঞতা নিয়ে।

আমরাও ফিরলাম জাহাজে। বিগত কদিনে মাত্র কয়েকটি জায়গায়ই সম্ভব হয়েছিলো যাওয়ার। বৃহত্তর আলাস্কা তার অতুল সম্পদ নিয়ে অদেখা রয়ে গেল। বিদায় আলাস্কা !

স্বপ্ন

বেলা রায়



অসহ্য এক স্বপ্ন নিয়ে
অসহ্য প্রহরীর মত দাঁড়িয়ে আছে
সেই স্বপ্নের শেষটুকু আর দেখি না কোনদিন
জানিনা মনের গভীরে
কোন স্বপ্নের জাল বোনা হয়ে আছে।
যদি দেখতে পেতাম
তবে তারে বলে দিতাম
আমার জীবন দেবতার হৃদিস
আমায় দিয়ে দাও।
অন্তর্লীন ঘূর্ণী ঝড়ে তলিয়ে গিয়েও
আমি জেগে উঠবো।
বলবো, স্বপ্ন, তুমি দাঁড়াও, দাঁড়াও একটু সময়,
তোমার সাথে জীবন বেঁধে
চলে যাব স্বর্গের সীমানায়।

খাওয়ার কড়চা জয়ন্তী রায়



গত সপ্তাহে একজনদের বাড়ীতে নেমন্তন্ন গিয়ে অনেকের সঙ্গেই দেখা হলো। যোগাধীশ আর কল্যাণীও সেখানে উপস্থিত ছিলেন। খানিকক্ষণ গল্পগুজবের পর খাওয়ার ডাক পড়ল। প্লেটে খাবার টাবার গুছিয়ে নিয়ে প্রথম গ্রাসটা খালি মুখে দিয়েছি তখন যোগাধীশ এমন একটা কথা বললেন যে আমি প্রায় গলায় খাবার আটকে বিষম খাই আর কি। না, না, ভয় পাবেন না। তিনি অশ্রাব্য কিছু বলেননি। যা বলেছিলেন সেটা হলো গিয়ে “জয়ন্তীদি খাওয়া কথাটা তো আমরা কত রকমভাবে ব্যবহার করি আপনি সেটা নিয়ে একটা রম্যরচনা লিখে ফেলুন”। খালি শাক ভাজা দিয়ে ভাতটা মুখে পুরেছি আর ভাইয়ের আন্ডার “দিদি তুমি একটা রম্যরচনা লিখে ফেলো”। শাকমাখা ভাতটা গলায় আটকে শাকভাত না খেয়ে যেটা খেলাম সেটা হলো বিষম। এই বিষমটা নাকি তখনই লোকে খায় যখন তার কথা দূরে বসে কেউ মনে করে। কিন্তু আমার মনে হয় আমার সেদিনের বিষম খাওয়ার কারণটা ছিল পরের সপ্তাহে যোগাধীশদের বাড়ীতে নেমন্তন্নটা হারানোর ভয়। যদি দাসবাড়ী থেকে নোটিশ আসে। নো রম্যরচনা, নো নেমন্তন্ন।

আচ্ছা আপনারা কি ভাবছেন যে জয়ন্তীটা কি হ্যাংলা। কে কখন নেমন্তন্ন করবে সেই ভেবে নোলায় জল গড়ায় আমার। না, না, সেইরকম কোন লোভটোভ আমার নেই। নেমন্তন্ন হলে মেয়েদের খুব আনন্দ হয় খাওয়ার জন্য নয়, আনন্দটা হলো রান্নাঘর থেকে অযাচিত ভাবে পাওয়া রেনিডের ছুটির মত একটা ছুটি। তার ওপরে যদি লাঞ্ছের নেমন্তন্ন হয় তা হলে তো গিন্নিদের পোয়াবারো। সকালে ঠকাস করে এককাপ চা আর দুখানা বিস্কুট বা একটা টোস্ট ধরিয়ে দিয়ে বলবেন আজকাল তো তোমাকে ডাক্তার সাবধানে খাওয়া দাওয়া করতে বলেছে তাই এখন আর কিছু খাওয়ার দরকার নেই। কর্তাও আর গিন্নীকে ঘাঁটাবেন না। কেননা আজকে তো আর কর্তার খাওয়া গিন্নীর কট্রোলে নয়, মনের আশ মিটিয়ে খাবেন। তাই দুজনেরই মনটা খুশী খুশী।

যাইহোক নেমন্তন্ন বাড়ীতে খাওয়া দাওয়া ভালই হলো। গল্পগাছা খুব জমেছিলো। ওনাদের বাড়ী থেকে বেরোনোর সময়ও মিত্তির গিন্নীর হাসি হাসি মুখাকিন্তু গাড়ীতে উঠেই যে কি হলো, গিন্নি সারারাস্তা চুপ। কিরকম একটা মেঘ মেঘ ভাব। দরজা খুলে বাড়ীতে ঢুকেই কর্তা খেলেন প্রচণ্ড

ধাতানি। হ্যাঁগো, তোমার কি কোন আক্কেল নেই? ডায়েবেটিসের রুগী তুমি। ওরা দিয়েছে বলেই তোমাকে সবগুলো মিষ্টি খেতে হবে? ঐ মিষ্টিগুলোর সোয়াদ তখনও মুখে লেগে রয়েছে তাই বৌয়ের ধাতানি খেয়েও প্রতিবাদ না করে, কথাটা যেন শুনতে পাননি এমনি ভাব করে ওপরে চলে যান কর্তা। আগেকার দিন হোলে তিনি মেয়েছেলের এত বাড় সহ্য করতেন না। কিন্তু দিনকাল পাল্টে গেছে। নেমন্তন্ন খেতে গিয়ে একজনের গিন্নী খেলেন বিষম, আর বাড়ী ফিরে মিষ্টির গিন্ণীর কর্তা খেলেন ধাতানি। এরমধ্যে কোনটাই কিন্তু খাদ্যবস্তু নয়।

আচ্ছা, আপনাদের মধ্যে কেউ কি কখনো উত্তর কলকাতায় থেকেছেন? আমি থেকেছি। সেখানে গায়ে গায়ে বাড়ী, মানে পরপর দুটো বাড়ীর মধ্যে এতটুকু ফাঁক নেই। পাশের বাড়ীর, পেছনের বাড়ীর, মাঝের একটা গলি পেরিয়ে যে সব বাড়ী তাদের অর্ধি সবকথা আপনি শুনতে পাবেন।

আপনাকে সিনেমা, থিয়েটারে গিয়ে পয়সা নষ্ট করতে হবে না। সব বাড়ীতেই রিয়েল লাইফ রিয়েলিটি শো হচ্ছে আর আপনি মুফতে সেগুলো দেখছেন শুনছেন।

এই যেমন ধরুন, আমার হায়ার সেকেন্ডারীর লাষ্ট পরীক্ষার পরেরদিন সকালে, একটু বেলা পর্যন্ত ঘুমোবো ভাবছি এমন সময় ভোর সাড়ে পাঁচটার সময় খুব শব্দ করে দরজা খোলার আওয়াজ আর তার সঙ্গে ঝনঝন করে বেজে উঠল ডান পাশের বাড়ীর রাঙা ঠাকুমার গলা “হ্যাঁরে হতভাগা তুই কি কানের মাথা খেয়েছিস? সেই কখন থেকে বলছি আসছি আসছি আর তুই কড়া নেড়েই যাচ্ছিস”। নিজের কানটা প্রায় ঢেকে ফেলেছি আর একটু ঘুমোবার আশায় আর তখনই শুনতে পেলাম বিহারী জমাদারের কথাটা “আরে বাবা, কান কা মাথা কেয়া হোতা হ্যায়, ঔর উসকো খ্যায়া ক্যায়সে যাতা হ্যায়। আজ ঘর যাকে চাচাজীকো বোলেঙ্গে চাচাজী বাংলা বোলনা বহোৎ মুশ্কিল হ্যায়। মেরে সে ইয়ে নেহি হোগা।” পরে জেনেছিলাম যে এই অল্পবয়সী ছেলেটা কাকার কাছে এসেছে জমাদারী বিদ্যা শিখে দুপয়সা রোজগার করতে। আসলে কি বলুনতো, এই কানের মাথা খাওয়া, চোখের মাথা খাওয়া না বলে চোখে দেখিস না, কানে শুনিস না বললে গায়ের ঝালটা ঠিক মেটে না।

হ্যাঁ, যা বলছিলাম, তারপরে আবার একটু তন্দ্রামতো এসেছে কানের ভিতর দিয়া মরমে পশিল হরেনের বাবার চীৎকার “বাপের হোটলে বসে অন্ন ধংসাচ্ছে আর সারাটা সকাল ঘুমিয়ে কাটাচ্ছে। “আসকে খাও ফোঁড় গোণনা, বালামের দাম জাননা”। আবার খাবার না দিয়েই খাওয়ার খোঁটা।

এই বকুনিটা হরেনকে রোজ খেতে হয়। যখন বকুনিটা খায় তখন কিছুর না বলে মটকা মেরে পড়ে থাকে। আর বাবা বাজারে গেলেই মার কাছে গিয়ে বলে রোজ রোজ আর এই খিঁচুনি খেতে ভাল লাগে না। মা বলে আর কটা দিন তোর বাবার বকুনি, ঝকুনি সব কিছু হজম কর বাবা, সামনের মাসেই মেজমামার অফিসে কাজের ব্যবস্থা হয়ে যাবে। আচ্ছা, আপনারাই বলুন ভালমন্দ খেয়ে হজম করাটা যেমন আনন্দের, বকুনি, খিঁচুনি খেয়ে হজম করা ব্যাপারটা কি অতই সহজ? তাই মরীয়া হয়ে বলেই ফেলে, তা তোমার বড় ছেলেও তো রোজ দেরী করে ঘুম থেকে উঠে তার জামা, কাপড়, রুমাল, মোজার জন্য তোমাকে নাকানি চোবানি খাইয়ে তারপর অফিসে বেরোয়। বাবা তো বসে বসে দেখে কিছুর বলে না। মা বলে, আমি তো সেটা দেখতে পাই, কিন্তু তোর বাবা বলে, যে গরু দুধ দেয় তার চাট খাওয়াও ভালো অর্থাৎ রোজগেরে ছেলেকে সমীহ করতে হয়। আবার এল খাবার ছাড়া খাওয়া, চাট আর নাকানি চোবানি।

এই করতে করতে বেলা নটা বাজলো হরেনের বোন মঞ্জু কোচিং থেকে ফিরে এলো। মঞ্জুর পড়াশুনোয় বিন্দুমাত্র মন নেই, কিন্তু ওর বাবা পড়াশুনো জানলে ভাল পাত্র পাবেন আশায় মেয়েকে কোচিংয়ে ভর্তি করে দিয়েছেন। তাই ওর মা রোজই মেয়ে বাড়ী ফিরলে মেয়েকে “এই যে মহারাণী হাওয়া খেয়ে ফেরা হলো”? বলে সম্ভাষণ করতেন। আমি না খুব ছোট বেলায় সত্যিই হাঁ করে হাওয়া খেতে চেষ্টা করেছিলাম। ওরে বাবা, মুখের ভেতর দিয়ে হাওয়া গলায় ঢুকে নিঃশ্বাস বন্ধ হওয়ার যোগাড়। এরপরেই বলতেন পড়াশুনোটাও ভাল করে করিসনা আর বাপের আদরে আদরে কাজকর্মও শিখলি না। খাবি শ্বাশুড়ীর মুখঝামটা। যাইহোক মেয়েটার শেষমেষ মোটামুটি ভালই বিয়ে হয়েছিলো। আর শ্বশুর শ্বাশুড়ী কলকাতার বাইরে থাকত। ওর কলকাতায় চাকুরীরত বর আর ও কলকাতায় থাকতো। তাই মুখঝামটা ওকে খেতে হয়নি। কিন্তু আদুরে মেয়ে প্রত্যেক শনিবার সন্ধ্যায় আসতো আর রবিবার রাত্তিরে খেয়ে তবে যেতো। সোমবার সকালে ওর বাবা ওর মাকে বলতেন তোমার ঐ চার রকমের মাছ দিয়ে জামাই খাওয়ানো বন্ধ কর। অর্ডার কত! ইলিশ মাছ, চিংড়ি মাছ নাহলে জামাই খাওয়ানো হয়না ওনার। ওসব মাছের যা দাম বেড়েছে, মাছ খাওয়া না সোনা খাওয়া। এই এক বিটকেল কথা, যে জিনিসটার দাম বাড়লো সেটা খাওয়া তো সোনা খাওয়া হয়ে গেল। হীরে মণিমানিক্য খাওয়া তো কেউ বলে না। তাছাড়া ওগুলোর কোনটাই তো সত্যি করে খাওয়া যায় না। এটা অনেকটা তোকে খুব ঘোল খাইয়েছে বলে গালাগালি দেওয়ার মত। আপনারা কি কাউকে কখনও তোকে ছানা খাইয়েছে, ক্ষীর খাইয়েছে বলে ব্যঙ্গ করতে শুনেছেন?

এই করতে করতে বেলা দশটা বাজলো, স্বামী সন্তান অফিসে ইস্কুলে যাওয়ার পরেই বাড়ীর মেয়েদের সুরু হয়ে যেতো জানলায়, বারান্দায় দাড়িয়ে পাড়ার খবর টবর আদান প্রদানের পালা।

শুনবেন একটু নমুনা? ছ নম্বর বাড়ীর দীপা কাকীমা আর সাত নম্বরের নীলা কাকীমার গল্প হচ্ছে কার বর ঘুষ খেয়েছে, কার মেয়ে ডুবে ডুবে জল খাচ্ছে, মানে আর কি ওপাড়ার কোন্ বেকার বখাটে ছেলের প্রেমে হাবুডুবু খাচ্ছিল আর মেয়ের মা জানতে পেরে নিজের ছেলেদের, ভাইপোদের দিয়ে ছেলেটাকে বেধরক মার খাওয়াল। আবার ঘোষেদের ছেলেটা কোন সুন্দরী মেয়ের সঙ্গে তিন বছর ঘুরে ল্যাং খেলো, মেয়েটা মালদার ছেলের সঙ্গে বিয়ে করল, কার ছেলে ব্য বসা করতে গিয়ে লস খেলো, তারপর সামনের বাড়ীর বুড়ি পিসিমা মরমর হয়েও মরছে না ঐ প্রাণটুকুই আছে হাতপা অসার, বুড়ি যেন খাবি খাচ্ছে। কার ছেলে লুকিয়ে লুকিয়ে সিগারেট খেতে খেতে কলেজ যাচ্ছিল আর পড়বি তো পড় দীপা কাকীমার বরের সামনে। ছেলেটা তো কাকীমার বরকে দেখে ভ্যাবচাকা খেয়ে সিগারেটটা লুকিয়ে পগার পার। একদিন আর একটা জোরদার খবর দিলেন নীলা কাকীমা। তিনি নাকি শুনেছেন যে আমাদের পাড়ায় যে নতুন ভাড়াটে এসেছে সেই লোকটা দেখতে ভালমানুষ বটে, কিন্তু আসলে সাত ঘাটের জল খাওয়া হুঁদে লোক, ওর থেকে একটু দূরে দূরে থাকাই ভাল। শোনা কথার ওপর ভিত্তি করে একজনের দুর্নাম রটিয়ে দিলেন। এনাদের দুজনকে আমরা পাড়ার গেজেট বলতাম।

আচ্ছা, আপনারা কি মাথা খাওয়ার ব্যাপারটা ভাল বোঝেন? আমি একটু কনফিউসড, আমার নজ্যেঠিমার ছোটভাই কলকাতার বাইরে থাকতেন মাসে একবার ব্যবসার কাজে কলকাতা আসতেন। আর এসেই প্রথমে তার দিদি নজ্যেঠিমার সঙ্গে দেখা করতে আসতেন। তারপর তিনি যখন কাজকর্ম সারার জন্য বেরোতে যেতেন তখন জ্যেঠিমা বলতেন ফিরে এসে এখানে ভাত খাবি। ভাই প্রতিবাদ করতে গেলেই বলতেন এখানে এসে না খেলে আমার মাথা খাবি। এই মাথা খাওয়াটা জন্ম মৃত্যুর দিব্যি তাই না? আবার এর বেশ কয়েক বছর পরে নজ্যেঠিমা র একমাত্র ছেলের একমাত্র ছেলে মানে জ্যেঠিমার সবেধন নীলমণি নাতিটি যখন কেলাস ফাইভ টাইভে পড়ে তখন তাঁর ছেলের বৌ সোনাবৌদিকে বলতে শুনেছি মা আপনি আদর দিয়ে দিয়ে ওর মাথাটা খাচ্ছেন। জ্যেঠিমা প্রতিবাদ করার চেষ্টা করতেই বৌদি আবার খাওয়া সংক্রান্ত মোক্ষম বাণ ছাড়লেন। মা আপনি জানেন ওর বাড়ীর মাষ্টারমশাই কি বলেছেন আজকে? বলেছেন ও এবার অঙ্কে গোল্লা খাবে। ওর মাষ্টারমশাই চলে গেলেই আপনি বলেন এইতো এতক্ষণ পড়ে উঠল। ব্যস উনিও আর অঙ্ক প্র্যাকটিস করবেন না। এতো আবার আদরের মাথা খাওয়া। আর বাঙালীর ছেলের অঙ্কে গোল্লা খাওয়ার আতঙ্ক মা বাবার দুঃস্বপ্নের মত বলুন? সোনাদা অফিস থেকে ফেরার সঙ্গে সঙ্গে বৌদি এইখবরটা দেওয়ামাত্রই দাদা চৌকাঠে হেঁচট খেলেন আর নজ্যেঠিমার আদরের নাতি খেলেন একটা দশমণী চড়।

অনেকক্ষণ এইসব খাবার ছাড়া খাওয়ার কথা বলছি এবার একটু উদরপূর্তির কথা বলি? সেই নেমস্তন্ন দিয়ে শুরু করেছিলাম না এখন নেমস্তন্নর শ্রেণীবিভাগ নিয়ে একটু বলি? প্রত্যেকটা শব্দের

পরে একটা খাওয়ানো জুড়লেই ব্যাপারটা পরিষ্কার হয়ে যাবে। যেমন ধরুন জানাই খাওয়ানো (নিজের ছেলেমেয়েকে একদিনে এত চর্বি, চোষ্য, লেহ্য, পেয় না খাইয়ে পরের রোজগেরে ছেলেকে খাওয়ানো), কুটুম খাওয়ানো (চক্ষুলজ্জা রাখতে লোক দেখানো), জ্ঞাতিগুষ্ঠি খাওয়ানো (এটা হল সবচেয়ে থ্যাঙ্কলেস খাওয়ানো। আপনার বাড়ীর চৌকাঠ পেরিয়েই বলবে অমুকের বাপের কাজে কিন্তু অনেক ভাল খাইয়েছিলো। কিন্তু শ্রাদ্ধে, বিশেষ করে নিয়ম ভঞ্জে এনাদের বলতেই হবে)। গর্ভবতী মেয়েকে তার সাধমতো খাওয়ানো আবার পঞ্জিকা মতে সাধ ভক্ষণ। আবার এই খাওয়ানোর ফলস্বরূপ যদি পুণ্যার্জনের কোন সম্পর্ক থাকে তাহলে আর খাওয়ানো বলা চলবে না। বলতে হবে ব্রাহ্মণভোজন, কাঙালীভোজন, দরিদ্রভোজন। আর এটা যদি গুরুদেবের খাওয়া হয় তাহলে কিন্তু সেটা আর খাওয়াও নয় ভোজনও নয় সেটা হবে সেবা।

আবার কিন্তু আমি খাবার ছাড়া খাওয়া অর্থাৎ ভোজ্যবিহীন ভোজনে ফিরে যাচ্ছি কেননা হঠাৎ করে এমন একটা নিজে চোখে দেখা ঘটনা মনে পড়ে গেল যে আপনাদের সঙ্গে শেয়ার করতে না পাড়লে আমার পেটের ভাত হজম হবে না। আজকাল আমরা শীতকালটা প্রায়ই কলকাতায় কাটাই। গতবার যখন গেলাম তখন একদিন রাস্তার ধারের বারান্দায় বসতে গিয়ে দেখি বাড়ীর একটু দূরে একটা বিরাট ভীড়। বাড়ীর কাজের লোকটাকে পাঠালাম কি হয়েছে দেখে আসতে সে এসে যা বলল তার সারমর্ম হল এই যে একজন বয়স্ক ভদ্রলোক বাজার থেকে আসছিলেন। তরকারীর বাজারের সামনে একটা গরু পচা আনাজ টানাজ খাচ্ছিলো। ঐ গরুটার পাশ দিয়ে যেতেই গরুটা কেমন যেন খেপে গিয়ে ওনাকে তাড়া করল। উনি গরুর তাড়া খেয়ে, তার শিংয়ের গুঁতো খেয়ে মাটিতে পড়েই ভিরমি খেলেন। আর তাই না দেখে যে যেখানে ছিল ছুটে এসে হুমড়ি খেয়ে পড়েছে। একজন ডাক্তারবাবু এসেছেন তিনি সবাইকে ওখান থেকে দূরে যেতে বলছেন, রুগীকে জলটল দিয়ে একটু সুস্থ করেছেন। কাজের লোকের সবকথা শুনে মুখ তুলে দেখলাম যে বেশীরভাগ লোকই চলে গেছে। কিন্তু কতগুলো লজ্জাঘেন্নার মাথা খাওয়া লোক প্রায় ডাক্তারবাবুর গা ঘেঁষে দাঁড়িয়ে আছে শেষপর্বটা না দেখে গেলে তেনাদের পেটের ভাত হজম হবে না।

আর শেষের ঘটনাটা ঘটেছে সম্প্রতি আমার ছোটমামার সঙ্গে। মামার বয়স হয়েছে। চোখে বেশ ছানি পড়েছে। কাটারো কাটারো করেও কাটানো হয়নি। তাই দেখতে বেশ অসুবিধে হয়। সেদিন পাশের পাড়া দিয়ে ডাক্তারের কাছে যাচ্ছিলেন আর উল্টো দিক থেকে একটা অল্পবয়সী মেয়ে মোবাইলে টেক্সটিং করতে করতে হাঁটছিল। একজন কম দ্যাখে আর আরেকজন দেখেও দ্যাখে না। তাই দুজনে খেলো ধাক্কা আর কোথা থেকে যেন বাজপাখীর মত তিন চারটে ছেলে এসে বলল “কি দাদু শ্মশানের দিকে পা বাড়িয়েও মেয়েদের গায়ে চলে পড়ার অভ্যেস গেলো না”। মামা প্রতিবাদ করতে গেলে সকলে বলে উঠলো “মুখ বন্ধ করুন, নইলে কেস খেয়ে যাবেন”। মামাও কম যান না পোড় খাওয়া পলিটিসিয়ান, ঠিক ঠিক লোকেদের তেল দিয়েই হোক আর ঘুষ দিয়েই

হোক হাতে রাখেন। তখনকার মতো অপমানটা গিলে ফেলে পার্টির গুণ্ডা দিয়ে ঐ ছেলেগুলোকে এমন ঝাড় খাওয়ালো সে কি বলব।

তোমরা হয়তো মনে মনে ভাবছো আরে কচুপোড়া খেলে যা। সেই থেকে ব্যাগড় ব্যাগড় শুরু করেছে শেষ আর হয় না।

আমার বুলিতে কিন্তু আরও অ-নেকরকম খাওয়ার গল্প আছে। তা তোমরা যদি শনতে না চাও তো কাঁচকলা খাও। আমি আমার বুলি আবার অন্য কোথাও খুলে বাকিটা পড়ে শোনাব।

A Letter to friends and children on Full Eclipse of Harvest Super Moon

Nirmal K. Sinha



(Dear friends and children)

Solar and lunar eclipses are common phenomena. Typically lunar eclipse occurs two or three times a year. As a child born in a small 'mahokuma town' of Naogaon in North Bengal of India (now district town of Naogaon Zila in Bangladesh), I had to go through many rituals associated with such events. To give you a bearing, I should tell you that our railway station, Shantahar Junction was a major stop for the Darjeeling Mail that used to run between Shiliguri and Kolakata. During a solar or lunar eclipse we were not supposed to drink, eat or even go to the toilet. I still remember how difficult it used to deny nature's calls especially when we were prohibited to answer them. Following the eclipses, we used to sanctify ourselves from the eclipse induced 'pollution' (ashowch!) by dipping in the river beside our house. Often that used to happen at nights. We were told that all the rivers and ponds become equivalent to the sacred river Ganga during the eclipses.

We never had to go far for the post-eclipse purification ceremony because we used to take our daily bath in the north-south flowing river, Little Yamuna, on the east side of our house. This river should not be confused with Yamuna (part of Brahmaputra River) now within Bangladesh or the Yamuna beside Delhi/Agra. A few years ago I checked the Google Earth Map to confirm what my father (Baba) taught me about the details of this river. Downstream it flows into Atrai River before joining the Padma (Ganga). Baba was my teacher until I was sent to school in Class III. But, he could never provide me with satisfactory reasons for going to such extents about the ecliptic rituals. Once I asked him why our dog, "Hunter" (being a Dalmatian had to have English name), could pee and poop during eclipses with no visible effects? How come we don't store our eclipse-exposed river water as Ganga-water for daily puja ceremonies instead of using Ganga-water brought from Rajshahi City beside Padma? I always used to question him on Hindu rituals. Often, he couldn't win my arguments; I used to feel that. Lovingly he awarded me with the title, "Tarka Chanchu". I used to feel proud of this title; it was not 'tarka bagish' (argumentative) a rather derogatory adjective. Baba used to stimulate my thoughts too by counter arguments. He used to raise many questions in my mind. Once he raised the question in my mind, "Why the sun and the moon appear to be equal in size?" This he did after pointing out the rising sun one morning, across the river and the rice fields on the other side, and the rising full moon, at about the same spot, that very evening. This was about the time when he taught and explained the Sanskrit verse of the "Surya Pranam" (greeting the Sun). He narrated the importance of solar radiation for the living world and emphasising the reasons for worshiping the sun. These interactions stopped suddenly when I was moved to live with my bilat-firo (returned from England) 'Pishima' (paternal aunt) in New Delhi. She introduced me to the world at large. I was about eight years old then. The eclipse-rituals became distant memories. In fact, eclipses became unimportant in my life until I started to study physics in Class IX. I started to understand the celestial phenomena of eclipses of the sun and the moon, the elliptical paths of the earth and the moon, and eventually the 'supermoon'. Blood Moon never entered my dictionary until

very recently. But I never had the opportunity to witness the rarely seen full lunar eclipse of a supermoon illustrated in Figure 1.



Figure 1. HARVEST or BHADRI Purnima (Ashmini) moon, closest to Equinox (equal night and day of 23 September), subjected to full eclipse on Sunday, 27 September 2015. Telephotos were taken by Nirmal K. Sinha in Orleans, Ottawa, Canada. Time of photographs is given in Eastern Daylight Time (EDT); add 4.0 h for Coordinated Universal Time (UTC)



On Sunday, 27th September in Ottawa, we were very lucky to witness (Figure 1) Full Moon Eclipse of Super Moon (closest to Earth), a rare event. The last such event happened in 1982 and the next one will take place in 1933. For us it occurred shortly after moon-rise and very conveniently after dinner. Thereby eating or drinking during the eclipse was not any issues even for an orthodox Hindu! (I am excluding the toilet businesses). It was very calm and the eastern sky was absolutely clear. Strangely, mosquitos (as Ottawans know) were not busy sampling blood from our faces (they don't drink during eclipse!!). I installed my camera on a tripod, and my wife and I sat on chairs on our driveway facing directly towards the rising moon. There are no street lights in our court. Slowly our eyes got fully adapted to dark-vision and our visual spectral sensitivity shifted from green towards red. This allowed us to see the entire moon

during the full eclipse. At this stage, the colour of the moon turned to orange/brown. It was fantastic to see this state of the moon, called Blood Moon. No, it was not Bloody!

In many ways, we were very lucky in Ottawa (and Montreal too) for clear sky. This full eclipse of the Harvest Moon was not visible in Asia and Australia. For Eastern and Central Europe, it was only partial and for the Western Europe, it occurred during the moon-set or morning, neither a convenient time nor appropriate for observations due to lighter sky conditions. Many areas along the eastern parts of North America, heavy and widespread cloud-covers obstructed the views. Torontonians did not see anything because of the cloud-cover which eventually moved up north and covered our views also. Fortunately that happened long after the umbra (earth's darkest shadow) grabbed the entire moon. However, this prevented me from recording the passage of the Super Moon through its full recovery. That cloud-cover stayed for the next two-three days with only bits of rain. As for the central part of North America, the cut-off longitude for full eclipse was through Alberta in Canada. It was only partial eclipse in the west, such as the province of British Columbia and the states of Washington and California. Anyway, you will have the next opportunity to witness this alignment of the sun, the earth and the Harvest Moon in 2033.

Sadly, my telephoto lens was not powerful enough to capture the Blood Moon under such low-illumination, even though I boosted the ISO number significantly. Moreover, I had to crop the images significantly and thus I lost the resolutions too. You may notice in the first photograph in Figure 1 (Full moon at 8:40 PM) that I applied image enhancement to bring out some details of the lunar surface. I refrained from doing this enhancement for other images because of the loss of boundary details of the umbral shadow. Nonetheless, the moon during the period of full eclipse was not bright at all, as you may judge from the 10:05 PM (EDT) photograph in Figure 1, contrary to electronically enhanced pictures of Blood Moon uploaded in the internet, thus giving false impressions to uninitiated readers. Our direct visual observations of the orange-brown moon, however, confirmed the immense power of our 'eyes' and brain (image processor) as one of the best passive remote sensing systems.

A number of simple, but critical observations can be made from the images in Figure 1. Notable are the movement of the earth's dark shadow (called Umbra) on the moon from left to right on a slope. You may see that the shadow did not move horizontally, but in a curved path dipping down on the right as the eclipse progressed. Please also note the size of the shadow with respect to that of the moon. Look carefully at the images of 9:45PM and 9:55PM. You will see that the shadow is significantly bigger than the moon. In fact, if you want, you can follow the circumference (outer ring) of the umbral shadows in these pictures and draw the umbral circle and roughly estimate its diameter. The diameter of the moon can be determined easily from the 9:01PM image. Immediately you will realize that the diameter of the umbra is slightly more than twice the diameter of the moon. Keep in mind that this is for the Harvest Moon of this year.

Solar radiation produces two types of shadows, called umbra and penumbra, behind the earth. Penumbra is significantly lighter than umbra. The relative diameters of these two shadows vary according to the distance from the earth. Eclipse occurs when the moon, orbiting the earth along elliptical paths, passes through the umbra. The elliptical path is not fixed and changes with time. The minimum distance from earth, called Perigee (say P), vary between 370,400km and 356,400km (average, P_a , of about 362,600km). The maximum distance of the moon from earth, called Apogee (say A), vary between 406,700km and 404,000km (average, A_a , of about 405,400km). The ratio, A_a/P_a is about 1.12. This indicates that the moon at Perigee should appear, on average, about 12% bigger than that at Apogee. That's why the full moon occurring at Perigee is called 'Super Moon'. I have tried to depict the optics (albeit not to scale) for a 'general' lunar eclipse in Figure 2a, when the centres of the sun, the earth and the moon are aligned approximately along a straight line.




Figure 2. Illustration of umbra and penumbra of earth's shadow (a) and comparative size, given in subtended angle, of the Umbra, Penumbra and the Harvest Super Moon of 27 September, 2015 (b). Note the approximate path of the moon during the eclipse.

The passage of the Harvest Super Moon, especially for the eclipse of 27 September 2015, is illustrated in Figure 2b. Here I tried to show the diameters of the moon, umbra and the penumbra as close as possible to their relative sizes. Based on the information provided by NASA, the subtended angle (or angular diameter) of this moon, D_m , was 0.675° . The corresponding subtended angle of the umbra, D_u , at the location of the moon, was 1.541° . This means D_u / D_m was 2.28 as I have illustrated graphically in Figure 2b. This is very close to what can be estimated from the pictures of Fig.1, as I pointed out earlier. By the way, the subtended angle of the penumbra, D_{pu} , was 2.605° giving a ratio of D_{pu} / D_m of 3.859. The penumbra is not really noticeable.

While drawing the Figure 2b, my childhood memories came back. This has to do with a “desi” (country) cow as my first geometry teacher. We used to have two cows in Naogaon. One was ‘Tepi’ and the other one was ‘Saraswati’. We had a jukto poribar (joint family) of two brothers consisting of my father and his younger brother. My uncle (Kaka) had anglicised tastes and in fact got Hunter as pup from a Sahib (Anglo-Indian). He simplified Saraswati name to ‘Sara’. While Tepi was short and stubby reddish-brown coloured generic Bangla cow, Sara was white, slim and tall being partly Haryana (cows of the Haryana and Punjab states of India). Both the cows used to be tied up separately for grazing in the field between our house and the river, the flood-plane. They had distinct eating styles. Sara used to be tied up on shorter leash because she systematically used to mow the area inside her circle, like the moon inside the umbra in Fig. 2b. Tepi’s leash used to be longer and she always used stretch the leash to its maximum length and chop up the grass at the end making clear-cut rings like the circumference of the penumbra.

I was kind of a loner and had only one very close friend, “Nitu”. But, he used to attend a school whereas I was subjected to home school. For me, not going to any schools until Class III provided many opportunities to be with the nature until Nitu would come back home. Since Sara never liked me, I used spend a lot of time with Tepi who was like a mother, even to the extent of allowing me to suck her milk. In her own way, she taught me how to make a Britta (circle) with a khunti (peg), a string and a stick. Since she could make concentric circles when I lengthened or shortened her lead (rope), she taught me that for

a fixed subtended angle (well, I did not know these names), the length of the arc increased significantly for a given increase in the length of the lead. This gave me the first clue as to why the moon and the sun could appear to be similar in size even though the sun was much bigger than the moon. I confidentially told Nitu about this natural wonder. He, in turn, exposed my secrecy to others. Soon the older boys in the area started to tease me, “goru nimur guru! goru nimur guru!!” (Garu means cow, Nimu was my nick name, Guru means teacher).

Now seriously, while attending the higher secondary school in Delhi, I learnt that the average diameter of the moon, D_M is 3,480km, whereas the average diameter, D_S , is 1,392,000km. Thus the sun is 400 ($= D_S / D_M$) times bigger than the moon. On the other hand, the average distance (centre to centre) of the sun from the earth, d_S , is 149,600,000km whereas the corresponding average distance of the moon from the earth, d_M , is 384,000km. The ratio, d_S / d_M is 389.58, which is very close to the ratio of D_S and D_M . Thus both the sun and the moon must have similar subtended angles. The average subtended angles of the sun and the moon for an observer on earth’s surface is around 0.54° and 0.52° respectively. These are indeed similar - after all the distances and the angles vary with time due to complex elliptical paths taken by the earth around the sun and the moon around the earth. Note that the subtended angle for the Super Moon in Fig. 2b was 0.675° which is significantly larger than the corresponding average value. Because of identical subtended angles, moon covers the sun almost fully during full solar eclipse when it comes between the earth and the sun. Only a ring of fire around the sun is seen and this allows scientists to explore the molten solar materials and gases thrown up into the solar atmosphere.




Figure 3. Sketch of direct, refracted and blocked rays of sunlight during the eclipse (dimensions are not drawn to scale)

Although we witnessed the faint colour of the Super Moon during the full eclipse, but could not photographically record it, I thought of giving a simple explanation of the optical phenomena that leads to this colour. This is illustrated in Figure 3.

Direct sunlight, as I said earlier, produces the dark shadow of umbra in the plane of the moon during an eclipse. While most of the light is blocked by the earth, a small beam of sunlight is refracted and bent by the atmosphere as shown in Fig. 3. Since the density of the air decreases with the increase in height from the surface, the degree of refraction (or bending) is gradual. I used the term, “frustrated refraction”

for a similar phenomenon that occurs in thermally tempered glass plates used in cars, windows and claddings for glass towers. Anyway, the brightness of the refracted beam inside the umbra decreases gradually and reaches a minimum at the centre. Since atmosphere also scatters the light depending on wavelength, the colour of the refracted beam is different from the direct sunlight. Blue is scattered more than the red (that's why the sky is blue) and the refracted beam becomes richer in orange/red. All these complex optical phenomena lead to the Blood Moon with relatively lighter and whiter edges than the central areas.

Wasn't Tepi an excellent guru for me, eh?

কুরুক্ষেত্রের যুদ্ধে শ্রীকৃষ্ণের ভূমিকা

সুপর্ণা মজুমদার



রাজশেখর বসু (পরশুরাম) কৃষ্ণদ্বৈপায়ন কৃত মহাভারতের যে সারানুবাদ করেছেন, তার ভূমিকায় তিনি লিখেছেন-“মহাভারতের সবচেয়ে রহস্যময় পুরুষ কৃষ্ণ। বহু হস্তক্ষেপের ফলে তাঁর চরিত্রেই সবচেয়ে বেশী অসঙ্গতি ঘটেছে। মূল মহাভারতের রচয়িতা - কৃষ্ণকে ঈশ্বর বললেও সম্ভবতঃ তাঁর আচরণে অতিপ্রাকৃত ব্যাপার খুব বেশী দেখাননি। সাধারণতঃ তাঁর আচরণ গীতার্ধম ব্যাখ্যাতারই যোগ্য, তিনি বীতরাগভয়ক্রোধ, স্থিতপ্রজ্ঞ লোকহিতে রত। কিন্তু মাঝে মাঝে তাঁর যে বিকার ** দেখা যায়, তা ধর্মসংস্থাপক পুরুষোত্তমের পক্ষে নিতান্ত অশোভন। বঙ্কিমচন্দ্র অবশ্য যা কিছু অপ্রিয় পেয়েছেন, সবই “প্রক্ষেপ” বলে উড়িয়ে দিয়ে কৃষ্ণকে আদর্শ নরধর্মী ঈশ্বর বলে মেনেছেন।“

একটি বিষয় আমার খুবই আশ্চর্য লাগে যে একমাত্র শ্রীকৃষ্ণই প্রত্যেকের দুর্বলতা বা weak points এর খবর রাখতেন। প্রত্যেকের ইতিহাস জানতেন, যা আর কেউ জানতেন না। একটি উদাহরণ - কর্ণ যে আসলে কুন্তীর প্রথম সন্তান তা একমাত্র কৃষ্ণই জানতেন। এই জ্ঞান বা knowledge তিনি কুরুক্ষেত্রের যুদ্ধে বারবার কাজে লাগিয়েছেন। যাইহোক মহাভারতে কুরুক্ষেত্রের যুদ্ধের পটভূমিকায় বেশ আনেকগুলি ঘটনা শ্রীকৃষ্ণ ঘটিয়েছেন, তার মধ্যে “অশ্বখামা হত - ইতি গজ” এর কথা সকলেই জানেন। এছাড়া (স্থানাভাবে) শুধু কর্ণ, দুর্য়োধন এবং জয়দ্রথ নিধন পর্বে শ্রীকৃষ্ণের যে ভূমিকা তা রাজশেখর বসু অনুবাদিত মহাভারত থেকে উদ্ধৃত করব।

(১) কৃষ্ণ জানতেন কর্ণের কাছে ইন্দ্রপ্রদত্ত “শক্তি” অস্ত্র আছে, যা তিনি শুধুমাত্র অর্জুনকে সংহার করবেন বলেই রেখে দিয়েছেন। অর্জুন ও কর্ণের সন্মুখ সমরে যদি কর্ণ এই শক্তি অস্ত্র প্রয়োগ করেন তবে অর্জুনের মৃত্যু অনিবার্য। তাই যখন যুদ্ধকালে অর্জুন কর্ণের সঙ্গে যুদ্ধ করতে চেয়ে কৃষ্ণকে বললেন “মধুসূদন, শীঘ্র কর্ণের কাছে রথ নিয়ে চল, হয় আমি কর্ণকে মারব না হয় তিনি আমাকে মারবেন।” কৃষ্ণ অর্জুনকে বললেন “তুমি অথবা রাক্ষস ঘটোৎকচ ভিন্ন আর কেউ কর্ণের সঙ্গে যুদ্ধ করতে পারবেনা। এখন তাঁর সঙ্গে তোমার যুদ্ধ করা আমি উচিত মনে করিনা। এখন ঘটোৎকচই কর্ণের সঙ্গে যুদ্ধ করুক। “ কারণ কৃষ্ণ খুব

ভালভাবেই জানতেন যে ভীমসেনের এই অতীব শক্তিশালী পুত্র ঘটোটকচের সঙ্গে যুদ্ধ করলে কর্ণ বাধ্য হয়ে তাকে হত্যা করবার জন্য শক্তি অস্ত্র খরচ করে ফেলবেন। তখন অর্জুনের পক্ষে কর্ণকে জয় করা সহজ হবে।

কৃষ্ণের উদ্দেশ্য সফল হল। কর্ণ শক্তি অস্ত্র দিয়ে ঘটোটকচকে বধ করলেন।

** “ঘটোটকচের মৃত্যুতে পাণ্ডবগণ শোকে অশ্রুমোচন করতে লাগলেন, কিন্তু কৃষ্ণ হৃষ্ট হ'য়ে সিংহনাদ করে অর্জুনকে আলিঙ্গন করলেন। তিনি অশ্বের রশ্মি সংযত করে রথের উপর নৃত্য করতে লাগলেন এবং বারবার তাল ঠুকে গর্জন করলেন।”

যখন যুদ্ধক্ষেত্রে কর্ণের রথচক্র ভূমি গ্রাস করল তখন কর্ণ পরশুরাম প্রদত্ত ব্রাহ্ম মহাপ্রের কথা ভুলে গেলেন, আর তাঁর রথও ভূমিতে মগ্ন হয়ে ঘুরতে লাগল। এই সময় কর্ণ অর্জুনকে কিছুকালের জন্য যুদ্ধ থেকে বিরত হতে অনুরোধ করে বললেন, “তুমি মহাকুল বিবর্ধন ঋত্বিয়পুত্র, ধর্মোপদেশ স্মরণ করে ক্ষণকাল ক্ষমা কর।” কৃষ্ণ তখন কর্ণকে কৌরবপক্ষের নানা অধর্মাচরণ স্মরণ করিয়ে দিয়ে বললেন, “এইসব সময়ে যদি তোমার ধর্ম না থাকে তবে এখন ধর্ম ধর্ম করে তালু শুকিয়ে লাভ কি? আজ তুমি যতই ধর্মাচরণ কর তথাপি নিষ্ফলি পাবেনা।” অর্জুন তখন কৃষ্ণের উপদেশ অনুসারে স্ফাত্তধর্মের বিরুদ্ধাচরণ করে অঞ্জলিক বাণ দিয়ে কর্ণের মস্তক বিদীর্ণ করলেন। সকলে দেখলে, কর্ণের মৃতদেহ দেহ থেকে একটি তেজ আকাশে উঠে সূর্যমণ্ডলে প্রবেশ করলে।

(২) এবার আসা দুর্যোধন নিধন পর্বে। দুর্যোধন যখন দেখলেন যে তাঁর ভাইয়েরা এবং পুত্রেরা যুদ্ধে নিহত হয়েছেন তখন তিনি দ্বৈপায়ন হ্রদে গিয়ে লুকিয়ে রইলেন। কিন্তু সে খবর ভীমসেনের কাছে পৌঁছে দিল কয়েকজন ব্যাধ। যুধিষ্ঠির বললেন “পঞ্চপাণ্ডবের মধ্যে যার সঙ্গে ইচ্ছা তার সঙ্গেই যুদ্ধ কর।” সেই কথা শুনে কৃষ্ণ খুব যুধিষ্ঠিরের উপর খুব রেগে গেলেন। যাইহোক শেষ অবধি স্থির হল দুর্যোধনের সঙ্গে ভীমসেন যুদ্ধ করবেন। কৃষ্ণ আরও বললেন যে “ভীম অধিকতর বলবান ও সহিষ্ণু, কিন্তু দুর্যোধন অধিকতর কৃতী। বলবান অপেক্ষা কৃতীই শ্রেষ্ঠ। গদাহস্ত দুর্যোধনকে পরাজিত করতে পারেন এমন মানুষ বা দেবতা আমি দেখিনা।” এইসমস্ত আলোচনা থেকে মনে হয় যে ভীম যে ন্যায়যুদ্ধে দুর্যোধনকে পরাজিত করবে সে বিষয়ে এঁদের সন্দেহ ছিল। কৃষ্ণ আরও বললেন “ভীম ন্যায়যুদ্ধে দুর্যোধনকে পরাজিত করতে পারবেননা, অন্যায়যুদ্ধে বধ করতে পারবেন।” তার পরের ঘটনা অর্থাৎ ভীম কর্তৃক দুর্যোধনের উরুভঙ্গের গল্প তো সকলেই জানেন।

(৩) কিন্তু আমার মতে এইসব ঘটনার তুলনায় সর্বাপেক্ষা অমানবিক এবং করুণ হল শ্রীকৃষ্ণের প্ররোচনায় অর্জুন কর্তৃক জয়দ্রথ বধ।

জয়দ্রথের জন্মকালে তাঁর পিতা রাজা বৃদ্ধক্ষেত্র দৈববানী শুনেছিলেন যে রণক্ষেত্রে কোনও শত্রু জয়দ্রথের শিরচ্ছেদন করবে। শোকাবুল হয়ে রাজা বৃদ্ধক্ষেত্র অভিশাপ দিলেন - যে আমার পুত্রের মস্তক ভূমিতে ফেলবে তার মাথাও শতধা বিদীর্ণ হবে। কৃষ্ণ সেকথা জানতেন। তাই তিনি অর্জুনকে বললেন, “যদি তুমি কোন অতীব শক্তিশালী দিব্য অস্ত্র দিয়েও জয়দ্রথের মুণ্ড কেটে ফেল, তবে সঙ্গে সঙ্গে তোমার মস্তকও বিদীর্ণ হবে।”, এবং এও জানালেন যে রাজা বৃদ্ধক্ষেত্র এখন সমস্তপঞ্চকের বাইরে বনগমন করে তপস্যা করছেন।

সূর্য অস্তাচলে যাচ্ছে এবং ভীত জয়দ্রথকে ছয়জন মহারথী রক্ষা করছেন দেখে কৃষ্ণ অর্জুনকে বললেন, “এঁদের জয় না করে অথবা ছলনা ভিন্ন তুমি জয়দ্রথকে বধ করতে পারবেনা। আমি যোগবলে সূর্যকে আবৃত করব, তখন সূর্যাস্ত হয়ে গেছে (এবং সেই দিনের মত যুদ্ধ শেষ) ভেবে জয়দ্রথ আর আত্মগোপন করবেননা। সেই অবকাশে তুমি তাঁকে প্রহার কর।” কৃষ্ণ এবার সূর্যকে যোগবলে আবৃত করলে কৃষ্ণের কথা অনুসারে অর্জুন এক মন্ত্রসিদ্ধ বাণ দিয়ে জয়দ্রথের মস্তক ছেদন করলেন এবং আরও কতকগুলি বাণ সেই মুণ্ড উর্ধ্বে বহন করে নিয়ে চলল। রাজা বৃদ্ধক্ষেত্র এইসময় সন্ধ্যাবন্দনা করছিলেন। রাজশেখরের ভাষায় - “সহসা কৃষ্ণকেশ ও কুণ্ডলে শোভিত জয়দ্রথের মস্তক তাঁর ক্রোড়ে পতিত হল। বৃদ্ধক্ষেত্র দ্রস্ত হয়ে দাঁড়িয়ে উঠলেন, তখন তাঁর পুত্রের ছিন্ন মস্তক ভূমিতে পড়ল, তাঁর মস্তকও শতধা বিদীর্ণ হল।”

এবার কৃষ্ণ অন্ধকার অপসারিত করলেন।

জয়দ্রথের মস্তক ভূমিতে না ফেলে অন্য কোথাও ফেলা যেত, মৃত পুত্রের ছিন্ন শির তপস্যা-রত পিতার ক্রোড়ে ফেলে পিতাকেও হত্যা করা আর যারই হোক পুরুষোত্তম শ্রীকৃষ্ণের শোভা পায় কি?

Demise of Shiva

Subhash C. Biswas



Under the overcast sky, twilight turns dim,
Yet the day of April has a charming glow.
Flowery flakes of snow pour like a gentle shower
Accompanied by a few drops of rain now and then
And a fewer grains of ice, wetting the streets of Toronto.

My imagination has been flirting with flakes of snow
When I notice someone limping along Lansdowne road.
Unmindful of the world around him,
An old man wrapped in rags walks in careless pace.
His bushy cluster of uncared hair, moustache and beard
Covered with a glamorous layer of April snow,
Gorgeously moves like a ball of fluffy white cloud
Against a gloomy grey sky.

The limping old man has Shiva's locks glowing white
Coming down from the peak of mount Kailash.
In slow pace and carefree steps he limps along,
Indifferent of what surrounds him.
He doesn't fit in our world, he's Shiva

With sharp eyes but looking blank.
A pretty lady in her beautiful outfits
Keeps on snaring at Shiva with indignation.
“Another homeless haggard,” says she
While boarding the tram car she’s been waiting for.
Rows of empty chairs can be seen inside
As colourful as they can be;
But that colour of emptiness is no invitation for Shiva.
He doesn’t fit in our world.

April shower holds no charm for him,
Disgrace or rejection meant nothing.
No scene catches his sight; no sound enters his ears.
The chilly wind has carried away his dreams
Into the distant seas, into the mirage of desert sands.
His heart evaporates through his mouth
Emitting smokes of a vanishing mind.
Unmindful he crosses the road that comes his way;
Limping old Shiva knows no bound.

A luxury limousine brakes with a violent noise;
Careless Shiva remains careless forever.
Wrapped in rags Shiva limps no more.
Red lights flicker and the world stops for a while,
Before it moves again back on its course.

The spring is gracious with gently showering flakes;
The tulips have raised their heads here and there
Through beds of snow,
And the daffodils are next to follow.
The world moves along as it always does,
But no one misses limping old Shiva
As if he never was or never will be.

মিসেস মজুমদারের চিরুনি

নন্দিতা রায়



মিসেস মজুমদারের সঙ্গে আমার পরিচয় হয়েছিল খুবই সাধারণ ভাবে। হেয়ার ড্রেসিংএর ক্লায়েন্ট হিসাবে। ইউনিভার্সিটির ছাত্রদের পিঠে বিরাট একটা বোঝা থাকে। সেটা হল পড়ার খরচ। আমার বন্ধুরা অনেকেই রেইটুরেন্টে কাজ নিয়ে ঘণ্টায় ১০/১২ ডলারের জন্য ডিস ধুয়ে আর টেবিল সার্ভ করে ক্লান্ত হয়ে পড়ছিল। তাতে পড়ার সময় কমে যেত আর ক্লাস্তিতে পড়াশোনায় মনোযোগ দেওয়াও প্রায় অসম্ভব হয়ে পড়ত। আমি একটা অন্য উপায় বের করেছিলাম। ছোটো থেকেই চেহারার সম্বন্ধে আমি খুব সচেতন ছিলাম। বিশেষ করে চুলের কেয়ারি আর চামড়ার জৌলুষ বাড়ানোতে। বাবার কাছে প্রচুর গালাগালি শুনেও থামিনি। এবার ঠিক করলাম একটা কমিউনিটি কলেজ থেকে হেয়ার স্টাইলিং এর কোর্স নেব। তারপর কোনো একটা সেলুনে চাকরী নেব। এতে আমার ক্লাস্তি আসবেনা আর আমি অন্য সকলের থেকে দেড়গুণ বেশী ডলার পাব। ভাগ্যগুণে বেশ ভালোভাবেই পাশ করলাম আর ফেলিনি সাহেবের সেলুনে একটা চাকরীও জুটে গেল।

ওখানে আমাকে উনি অল্পবয়েসি ছেলেমেয়েদের চুল ঠিক করার কাজ দিলেন। দিনের পর দিন লাল, নীল, সবুজ রং এর চুল তৈরী করি। কখনো কখনো একেবারে নেড়া করি, কিংবা চুল খাড়া করে স্পাইক করি আর ভাবি আমার স্টাইলিং এর কাজ কোথায় গেল। নিজের কৃতিত্বে আমি মরমে মরে থাকি। ভগবান প্রার্থনা শোনেন। হঠাৎ একদিন ফেলিনি সাহেব আমাকে বললেন, ‘ একজন মহিলা হেয়ার স্টাইলিষ্ট খুঁজছেন। তাঁর স্বামী চান কেউ একজন ওঁর স্ত্রীর চুলে এমন কেয়ারি করবে যে লোকে তাকিয়ে থাকবে। তোমার তো ঐ লাইনে ট্রেনিং আছে, করতে পারবে?’ আমি তো একপায়ে খাড়া। বললাম, ‘এটা একটা চ্যালেঞ্জ। আমি জানি কি করে অতি সাধারণ চুলকেও আকর্ষণীয় করে তোলা যায়’। উনি ভদ্রলোকের সঙ্গে যোগাযোগ করে এ্যাপয়েন্টমেন্ট দিয়ে দিলেন।

নির্দিষ্ট দিনে ভদ্রলোক এলেন। বেশ দামী পোষাক আর গম্ভীর চেহারা। উনি বললেন, ‘বয়স তো কম দেখছি, একাজ করতে পারবেতো?’ আমি বললাম, ‘আপনি নিশ্চিত থাকুন। এটা আমার পেশা’। উনি বেরিয়ে নিজের স্ত্রীকে নিয়ে এলেন। ভদ্রমহিলার দিকে তাকিয়ে আমি অবাক হয়ে গেলাম। ভগবানের সৃষ্টি যে এত নিখুঁত হতে পারে আমার ধারণাই ছিলনা। হান্কা বাদামী প্রায় সাদা চামড়া তার ওপর সামান্য মেকাপ আর ঠোঁটে লিপস্টিক, লম্বা ছিপছিপে সুগঠিত দেহ আর তার ওপর অপূর্ব দুই চোখ। মাথার চুলের দিকে তাকিয়ে মনে হল হাত দেব কিনা। যাইহোক, সাহস করে এগিয়ে গিয়ে নমস্কার করলাম। ভদ্রলোক পকেট থেকে রুমালে জড়ানো একজোড়া চিরুনি রাখলেন। বললেন ওদুটো ওঁর স্ত্রীর জন্মদিনের উপহার। ওঁর স্ত্রীর চুলে যেন লাগানো হয়। দেখলাম বেশ বড় বড় তিনটে করে ফুল একেকটা চিরুনিতে বসানো। মাঝের ফুলের ওপর একটা করে মুক্তো বসানো। আমি মনেমনে একটা ভালো উপমার কথা ভাবছিলাম। চোখের সামনে ভেসে উঠল মাই ফেয়ার লেডি মুন্ডির অড্রে হেপবার্ন এর ছবি। বলড্যাঙ্গের দিন তাঁর চুলে একটা ঝকঝকে পাথর বসানো চিরুনি লাগানো ছিল মাথার ঠিক মাঝখানে প্রায় মুকুটের মত। আমি সঙ্গে সঙ্গে লেগে গেলাম আমার সৃষ্টিতে। অতখানি উঁচুও নয় আবার ফ্ল্যাট ও নয়। মাথার মাঝামাঝি জায়গায় একটু উঁচু করে চুল রেখে তার ওপর গুঁজে দিলাম একটা চিরুনি। মিসেস মজুমদারকে জানালাম অত বড় চিরুনি দুটো লাগালে বড় বেশী ঘেঁষাঘেঁষি হবে তাই একটাই লাগালাম। মহিলা মিষ্টি হেসে বললেন, ‘তুমি ভার নিয়েছ, তুমি যেমন ভাবে করবে তাতেই আমি খুশী’। কাজ হয়ে গেলে আয়নায় নিজের চেহারা দেখে উনি অবাক হয়ে গেলেন। আমাকে বললেন এত কম বয়সে এতটা দক্ষতা আমি কি করে অর্জন করলাম। আমাকে জিজ্ঞাসা করলেন আমি এই লাইনেই থাকবো কিনা। আমি বিনীতভাবে বললাম, ‘আমার ইউনিভার্সিটির পড়ার খরচ চালানোর জন্য এই কাজ নিয়েছি। ডিগ্রী হয়ে গেলে একটা সরকারী চাকরী নেওয়ার ইচ্ছে আছে’। উনি বললেন, ‘সবারই জীবনে একটা লক্ষ্য থাকে, সেদিকে এগিয়ে যাওয়াই মানুষের ধর্ম’। যাইহোক, এরপরে উনি বেশ কয়েকবার এলেন। শেষবারে উনি বিবাহ-বার্ষিকীর সাজ করতে আবার ওই দুটো চিরুনি নিয়ে এলেন। এবারও আমি একটা চিরুনি লাগালাম। আমার বাড়ী যাওয়ার তাড়া ছিল। তাই গল্প করার বেশী সময় পেলামনা। কাজ শেষ করে তাড়াতাড়ি ক্যাশে চলে গেলাম। মিস্টার মজুমদার এসে দাম দিয়ে বড় রকমের টিপস দিয়ে স্ত্রীকে নিয়ে চলে গেলেন। দরজার কাছে পৌঁছানোর সময় মিস্টার ফেলিনি এসে বললেন, ‘আপনার ক্লায়েন্ট বোধহয় একটা চিরুনি ফেলে গিয়েছেন’। আমার সেটা শেষদিন। তাই বললাম, ‘আপনি ওটা লষ্ট এন্ড ফাউন্ডে রেখে দিন’। উনি

বললেন, ‘দেখে মনে হচ্ছে দামী জিনিষ। আমি ওটা লকারে রেখে দিচ্ছি’। নমস্কার জানিয়ে চলে এলাম।

এরপর বেশ কয়েক বছর কেটে গিয়েছে। চাকরিতে জয়েন করেছি, উন্নতিও হয়েছে। একটা ভালো পজিসনও পেয়েছি। কিন্তু আমার মায়ের স্বাস্থ্য ক্রমেই ভেঙ্গে পড়ছে। নানারকম জটিলতা থাকায় ডাক্তার মাকে হাসপাতালের জেরিয়াট্রিক বিভাগে পাঠিয়ে দিলেন। মাকে নিয়মিত দেখতে যাই। সময় থাকলে বেশীক্ষণ থাকি। প্রায়ই দেখি বারান্দার এককোণে একজন মহিলা মাথায় চাদর দিয়ে ভুইল চেয়ারে বসে থাকেন। একদিন উনি আমাকে হাত তুলে ইসারায় ডাকলেন। বললেন, ‘ফর্কটা মাটিতে পরে গিয়েছে, একটু তুলে দেবে’? আমি কাছে গিয়ে লক্ষ্য করলাম ওঁর মুখের একপার্শটা বুলে গিয়েছে। সেখান থেকে টপটপ করে লালা ঝরছে। ডান চোখের কোণ থেকেও একটু একটু চোখের জল নেমে আসছে। সারা মুখে চামড়া কুঁচকানো আর তার ওপর বাদামি রঙের ছোপছোপ দাগ। ছোট্ট কুঁকড়ে যাওয়া শরীরটা যেন আর চলতে চাইছেনা। বললেন স্বামী গত হবার পর এখানে চলে এসেছেন। আমার কল্পনার রথ তীব্রবেগে ছুটে চলল। আমি মনশ্চক্ষে দেখলাম এঁর চামড়া টান হয়ে গিয়েছে, মেচেতার দাগ উধাও হয়ে গিয়েছে। শরীরটা সাবলীল হয়ে উঠেছে। চোখের দৃষ্টি প্রখর। সেখানে একটুও কুঁচকানো চামড়া নেই। যেন ভেনাস আর হেলেন অফ ট্রয় একসাথে সামনে এসে দাঁড়ালেন।

‘ঐ যাঃ, শোন’- আমার চিন্তাসূত্রে ছেদ পড়ে গেল। মহিলা আমাকে ডেকে বললেন, ‘আমার মাথার স্কার্ফটা মাটিতে পড়ে গেল। একটু তুলে দেবে? আমার মাথায়, ঘাড়ে বড় ঠান্ডা লাগে। আমি স্কার্ফটা তুলে মাথায় দিতে গেলাম। দেখি, টাইট করে বাঁধা পাকা পাতলা চুল ঝুঁটির মত বাঁধা আর তার নীচে একটা ঝকঝকে চিরুনি আঁটা। তাতে তিনটে ফুল আর মাঝখানটায় একটা করে মুক্তো বসান। চমকে উঠলাম। বললাম, ‘আপনার চিরুনিটাতো বেশ দেখতে’। উনি বললেন, ‘আরো একটা ছিল। কিন্তু কোথায় যে হারিয়ে গেল’। আমার মনশ্চক্ষে ভেসে উঠল বহুদিন আগের দেখা এক অপূর্ব সুন্দরী মহিলার মূর্তি। ভগবান মানুষকে একজীবনে অতটা দিয়ে শেষকালে এমন নিঃস্ব করে ছেড়ে দেন কেন? ভাবছি, একবার খোঁজ করে দেখি সেলুনের লকারে সেই চিরুনিটা এখনো আছে কিনা।

(আমার দীর্ঘস্থায়ী অসুস্থতার সময় যে বন্ধুরা পাশে থেকে আমাকে আরোগ্যলাভে সাহায্য করেছেন তাঁদের হাতে এই গল্পটি উপহার দিলাম।)

পাখী

বেণু নন্দী



দেশে থাকতে এত ব্যস্ততার মধ্যে দিন কাটতো নানা কাজে যে কখনোই মনে হোতনা আশেপাশের গাছপালা , পশুপক্ষীর দিকে নজর দিই। সময় কোথায়? এ দেশে এসে কিন্তু সব যেন উল্টে গেল। ছ মাস বরফ - শুধু সাদা আর সাদা, বিশেষ অটোয়ায়। মাত্র দু তিন মাস গ্রীষ্ম পাই। বরফের সময় তো একেবারে বাড়ি বন্দী - তাই গ্রীষ্মের সময় যতটা সম্ভব বাইরে থাকার চেষ্টা। নানা ছুতোয় ফুলগাছ পোঁতা - ছোট্ট তরিতরকারীর বাগান করার হুজুগ লেগে যায়।

সে সময় চোখে পড়ে কতো রকমের নাম না জানা পাখী - কাঠবেড়ালী। কৈ? শীতের সময় কখনো তো এদের দেখতে পাইনা? সে সময় কোথায় থাকে এরা? আর গরম পড়তেই কোথা থেকে সব জুটে যায়।

আমার লিভিংরুমের ডানদিকে একটা বড় এভারগ্রীন গাছ আছে - তার একটা ডাল আমার বড় জানলাটা দিয়ে বেশ দেখা যায়। ডালটা অদ্ভুৎ - বেশ চওড়া -সবুজ পাতায় ভরা , চেউ খেলানো। কিছুদিন থেকে দেখি সেই চেউ খেলানো জায়গায় দুটি ছোট্ট রঙিন পাখী ডালপালা দিয়ে বাসা বাঁধছে। সেই বাসায় কখন আবার তারা ডিমও দিল। তখন আমার কেমন উৎসুক্য জাগলো - আরে তা দিয়ে দিয়ে বেশ ডিম দুটো ওরা ফুটিয়েও ফেলেছে। দুটো পাখীর ছানাও বেরিয়েছে।

সাধারণত রবিবার দিন আমার ছেলে নাতি নাতনীকে নিয়ে আমার কাছে আসে। সেদিন ওরা আসাতে আমি ওদের বললাম - ওরে, ঐ ডালের পাখীর বাসায় পাখীর ছানা দুটো দেখেনে - কবে ফুডুৎ করে উড়ে যাবে। আর ঠিক হলও তাই। দুদিন পরে আর ওদের দেখা নেই। আমার মনটা বেশ দমে গেল।

একদিন ডেকে বেরিয়ে কাচা ভিজে জামাকাপড়গুলো শুকোতে দিচ্ছি - ওমা, দেখি যেখানে ছাদের জলপড়ার ঢাকা বড় গোল পাইপটা নিচে নেমে গেছে- সেখানে দুটো ঘুঘুপাখী আসা যাওয়া

করছে। মনে মনে ভাবলাম নিশ্চয়ই বাসা বাঁধবে। দেখি ঠিক তাই। কদিনের মধ্যেই ডালকুটো দিয়ে দিব্যি বেশ বড় একটা বাসা বেঁধে ফেলেছে।

ঘুঘুপাখী তো বড়- তাই তাদের বাসাটাও বেশ বড়সড়। রোজ দেখি পালা করে ঘুঘুদুটো তা দিচ্ছে ডিমো। আমার এখন কাজ হোল ডেকে গিয়ে দেখা কখন ওদের ডিম ফোটে। সত্যি ,দেখতে দেখতে ডিম ফুটে দুটো বাচ্চা বেরিয়েছে। আর মা ,বাবা বাগান থেকে পোকামাকড়, কেঁচো এনে বাচ্চাদুটোকে খাওয়াচ্ছে। আমি কাপড় মেলার ছুতোয় যখনি ওদের দেখতে যাই - তখনি দেখি ঘুঘু দুটো ঘাড় বেঁকিয়ে , চোখ টেরিয়ে আমার দিকে তাকাচ্ছে আর বলছে যেন, ঘুঘু দেখেছো - ফাঁদ দেখনি? আমি বেশ ওদের দিকে তাকিয়ে মিষ্টি করে বলি - তোদের বাচ্চাদের আমি কিছু কোরবোনা- তোরা নিশ্চিত থাক। মনে হয় আমার ভাষা বুঝে ওরা নিশ্চিত হয়।

যথারীতি ওদেরও দেখি - মা, বাবা ঠুকরে ঠুকরে বাচ্চাদের বাসা থেকে ঠেলে দিচ্ছে - অর্থাৎ ওদের বলা- এবার তোমরা চরে খাও।

একদিন সত্যিই ওরা আমার ডেকের রেলিঙের ওপর এসে পড়লো। তারপর উড়ে এসে বার্চ গাছের ডালে বসল।

ঘুঘুপাখীর বাসাটা কিন্তু চিরস্থায়ী বন্দোবস্ত হয়ে গেল। প্রতি বছর ঘুঘুপাখী এসে ঐ বাসাতেই ডিম পেড়ে যায় আর বাচ্চাগুলো বড় হয়- আজ পাঁচ ছ বছর ধরে আমি এই দেখে আসছি।

মৌ-ভোজন ২০১৫

অমর কুমার



মৌয়ের গন্ধে জুটলো এসে
দেশান্তরীর সকল সদস্যবৃন্দ,
পরিচ্ছন্ন দিন, সোনালি রোদ
এলো সব গুনগুনিয়ে সানন্দ ।
রিডো পার্ক, সবুজ বনভোজন
সুব্যবস্থায় রকমারি আয়োজন,
হাসি উচ্ছ্বাস রসিকতা কলরব
কথার ফোয়ারায় মুক্তমনা সব ।

মনে ছিল কারও শুধুই মসলা মুড়ি
তারপর যেন জম্পেশ মাংস-ভাত
খুশীর আমেজে সব ভোঃকাটা ঘুড়ি
খেলে গেল কিছু জন ব্রিজ ক'হাত ।
খুঁজে পেল কেউ ফেলে আসা দিন
কিশোর কিশোরী দুচোখ স্বপ্ন-রঙিন
কবে কোন পার্কে প্রেমালাপ প্রতিশ্রুতি
স্মৃতিচারণায় খুঁজে পেল কেউ পরিতৃপ্তি
আলসেমিতেই কাটলো সময় কারও
রৌদ্রছায়া নদীর হাওয়া শান্তিসুধা বড়ো

নবীন প্রবীণের আলাপ গড়ালো প্রলাপে
কথার বৃষ্টি টাপুর টুপুর, অবিরাম সংলাপে
পথ হাঁটলো ইতস্তত, মধ্যবয়সী বৌয়ের দল
ঘাম ঝাড়িয়ে খেলে গেল ছেলেরা ভলিবল
কিছু চোখ খুঁজে গেল অন্য চোখের আলো
হরিণী কোনো মন কি রংয়ের ছোঁয়া পেলো ?
মায়েরা ছিল ব্যস্ত দ্রস্ত ছেলে মেয়েকে নিয়ে
ছুটির আমেজে মন ভরালো মাত্রা ছাড়িয়ে
যন্ত্র ক্যামেরা তুলে নিলো দিনের যত ছবি
মন ক্যামেরায় ভরলো দৃশ্যপট কোন কবি
পড়ন্ত বিকেল ছড়িয়ে দিল স্নিগ্ধ আলো কখন
ফিরলো সবাই একে একে নিয়ে মৌ-ভরা মন ।

.....

প্রবহমান নদী, প্রলম্বিত ছায়া, জীর্ণ ঝরাপাতা
শূন্য প্রাঙ্গণ, গোধূলি রং, জাগে অনন্ত নীরবতা,
কবি একা বসে থাকে, আপন মৌয়ের খোঁজে
ভাষা আছে সবার স্বতন্ত্র, কবিই শুধু বোঝে ॥

স্বপ্নীদের স্বপ্ন

অমর কুমার



বাগান ঘেরা ছোট্ট দ্বিতল
লাল রঙা এক বাড়ী
চারদিকে তার ঝাউয়ের বন
বাতাস ঝিরিঝিরি
খোলা বারান্দায় সকাল বিকেল
রোদ মায়াবী শিশুর মতন
খেলে যায় হামাগুড়ি ।
তার মানেই কি শান্তি-নীড়?
দিনান্তে ফেরা ঘরের টানে
ক্লান্ত বলাকা উত্তেজনায় অধীর ।

সোনা-দানা, টাকা-পয়সা
এক নীলাম্বুরী ভালোবাসা
প্রিয়র ছোঁয়া, নিত্য হাসি মুখ -
যশ, খ্যাতি আর শ্রী, সুনাম
স্নেহ, শ্রদ্ধা, সঙ্গে সেলাম
সব নিয়েই তো পূর্ণতা, অচেল আত্মসুখ ।
শান্তি সুখের সমন্বয়েই সব-পেয়েছির স্বর্গ,
হাসি খুশীর স্ফুলিঙ্গ ভরা জীবন এক অর্ঘ্য।।

.....

ধারাবির ঐ আন্তাকুঁড়ে
ঐ যে লোকটা খাবার খুঁজে
সন্তানের মুখে চায় যে দিতে দু'বেলা দু'মুঠো অন্ন,
ফুটপাথের এক কোণ জুড়ে
প্রিয়র কোলে মাথা রেখে
ভোরের হাওয়ায় ওর চোখেও কি স্বর্গনীড়ের স্বপ্ন?

এ কেমন মজা (গান)

অরুণশংকর রায়



Note: Religious bigotry and superiority complex of one's own faith is a curse that has caused numerous conflicts and cruelty throughout human history.

This is an allegorical lyrical composition and upholds the concept of equality of all religions and that each religion is a different path but at the end all paths lead to the same destination.

Ram, Joseph, and Rahim represent a Hindu devotee, a Christian and a Muslim devotee respectively. There are six locks (representing six sinful attributes or ষড়রিপু). These act as enemies and they need to be conquered to gain access to the house of God and experience salvation. These six sinful attributes are, according some religious texts, - কাম (illicit passion), ক্রোধ(anger),লোভ (greed), মোহ,(infatuation),মদ(vanity),and হিংসা (jealousy). But the owner of each of the six keys which open the six locks boasts that he is only one who has got the key to the house of God. But everyone is unaware that these keys are all the same representing ভক্তি(devotion and dedication)— says Guru. According to this author this Guru is Sri Ramakrishna Paramahansa who was at pains in propagating the idea of “Sarbadharma Samonnoy”, equality of all religious faiths.

এ কেমন মজা বলরে ভজা

মজা দেখে হেসে মরি।

রাম বলে :

হরি আমার দুঃখহরণ,

ঘুচে যাবে জীবনমরণ,

যদি হরিনামের সুধা দিয়ে

ভরিয়ে নিস মন-গাগরি।

হরি আমার রাজার রাজা

সবার বড়ো আমার হরি।

এ কেমন মজা বলরে ভজা

মজা দেখে হেসে মরি।।

জোসেফ বলে:

আমার মেরী সৰ্বজয়া,
তার ছেলে যীশুর পরম দয়া-
তার দয়াতেই বাঁচোমরো,
তার দয়াতেই ডাকো হরি।
এ কেমন মজা বলরে ভজা

মজা দেখে হেসে মরি।।

রহিম বলে:

খোদাতাল্লার হুকুম ছাড়া,
উঠবে নারে চাঁদসিতারা,
বুঝলে তার মেহেরবানি-
আল্লা ছেড়ে ভুল করে আর
ডাকবি তোরা কেউ কি হরি?
এ কেমন মজা বলরে ভজা

মজা দেখে হেসে মরি।।

গুরু বলে:

ঘোষবাবুদের দরদালানে,
ছয়টি তালা সবাই জানে,
ছয়টি তালার একই চাবি
ভাবছে না চোর একটি বারও।
ছয়টি চোরে চাবি নিয়ে
খেলছে রে তাই লুকোচুরি।
এ কেমন মজা বলরে ভজা

মজা দেখে হেসে মরি।।

লিখতে যখন হবেই

আদিত্য চক্রবর্তী



কত লোকে কত কথা বলে, কত কথা লেখে, কত কথা ভাল করে না শুনেই সেটা কে লিপিবদ্ধ করে। আমার কথাই আলাদা - আমি কথাও বলিনা, লিখিও না অথবা লিপিবদ্ধ - সেটাও বোধহয় আমি পারি না। কি যে পারি তাও জানি না। আমি কেবল টুকি - টুকে টুকে পাতা ভরতে আমার মতন কেউ পারে না। সেই ইস্কুল থেকে শুরু - টোকায় হাতে খড়ি। মুখস্থ করে গেছি গরুর রচনা এবং পরীক্ষায় মাস্টারমশাই লিখতে দিলেন সবুজ ঘাসের উপর রচনা। তারপর কি হল সেই গল্প সবাই জানে। লিখতে শুরু করলাম আমার সেই বিখ্যাত রচনা। ঘাসের রঙ সবুজ - সেই সবুজ ঘাস গরুরতে খেতে শুরু করল - গরুর চার পা, একটা লেজ (নাকি দুটো লেজ - কি লিখেছিলাম এখন মনেও নেই ছাই), ছেলে গরু হয়, আবার মেয়ে গরুও হয়। মাঝে মাঝে তাদের বাচ্ছাদের ঘুরে বেড়াতে দেখা গেছে। একমাত্র এই জগতে গরুরাই বিয়ে করে নাকি।

বেশী কথা বলা ভাল নয় - মাঝে মাঝে তাতে ভয়ানক বিপদের আশঙ্কা তো আছেই। এইতো সেদিন কোলকাতার রেল স্টেশনে জামাইবাবুর সঙ্গে দেখা, কাঁধে বিরাট ঝোলানো ব্যাগ। বললাম এত বড় ব্যাগে কি নিয়ে যাচ্ছে? তাতে জামাইবাবু চিৎকার কোরে বললেন যে ঝোলানো ব্যাগ না নিলে তিনি কি করে এই যে দশ হাজার টাকা সঙ্গে রয়েছে - ব্যাগ ছাড়া কোথায় রাখবেন? আমি আঁতকে উঠলাম - স্টেশনের এই ভীড়ে এত চাঁচিয়ে বলার কি দরকার? টাকা ছিনতাই হতে আর কত দেবী! এখানেই ত কথা বলার বিপদ।

তার চেয়ে কথা না বলে লিখে গেলেই হয়তো অনেক লাভ- যদি তেমন সেমন লেখা যায়। আমার এক স্কুলের বন্ধু নবলকিশোর চনচনিয়ার কথাই বলি। আরে দেখো রবীন্দ্র ঠাকুরকো! এক দিস্তা সফেদ কাগজ খরিদ কিয়া। মেরে বিচার সে দশ রুপয়ে ভী খরচা নহী হুয়া হোগা। ফির, ধাঁই ধাঁই দোহা লিখা, গানা লিখা। ওসকো ফিনসে মশিনমে - মতলব ছাপাখানামে ছাপাই কিয়া। আওর ভাগলপুর কা বাজার মে বিক্রী কিয়া। সাহেব লোগ দেখা - এক মিলিয়ন ডলার দিয়া। ইনভেস্টমেন্ট কিয়া দশ রুপেয়া রবীন্দ্র ঠাকুর নে- আওর রিটার্ন আয়া এক মিলিয়ন। দেখা, বঙ্গালী লোগ কা দিমাগ কিতনা তেজ হুয়ায়? সব বঙ্গালী বচনসে লিখনা প্র্যাকটিস করতা- সব লোক রবীন্দ্র কবি হোনে কো মাজতা হুয়ায়- অমর হোনা চাহতা হুয়ায়।

যাই হোক, রবীন্দ্রনাথ এর নাম দিয়েই যখন শুরু করেছি - আরেকটু এগিয়ে যাই এই নিয়ে।

রবীন্দ্রনাথই নাকি লিখেছিলেন এই মর্মে কিছু একটা -

কোনদিনও এত বুড়ো হবোনাকো আমি

হাসি তামাসারে যবে কবো ছাবলামি।

এই ভরসাতেই একটু এখন ছাবলামো করে নিই।

এই সবে কয়েক বছর আগে কবিগুরু একশত নাকি দেড়শত বার্ষিকী হল নাকি। আমি বিহারী- আমার তো এসব গুট তত্ত্ব জানার কথা নয়। তাবড় তাবড় সব সাহিত্যিক আছেন অটোয়া শহরে- তাঁদের জানলেই হবে। যাক, শতবার্ষিকীর বছরে যেরকম লাফালাফি, উন্মাদনা হয়েছিল- এই একশো পঞ্চাশ বছরে সেরকম নাকি হয়নি। তাইতো শুনলাম আমি। এইরকম এক সরকারী চাকুরেদের সভায় বেশ বড় একজন সাহিত্যিকের ডাক পড়েছে সভাপতি হয়ে একটু ভাষণ দিতে। শ্রীযুক্ত সুবোধ ঘোষই হবেন বোধহয় যিনি সভাপতিত্ব করতে রাজী হয়েছেন। প্রায় দশ- বারোজন সরকারী চাকুরে খুব মন দিয়ে রবীন্দ্রজয়ন্তীতে রবীন্দ্রনাথকে আহ্বান করতে শুরু করলেন গান গেয়ে নিউ সেক্রেটারিয়েট বিল্ডিং এ তেরোতলায়। মে মাসে খোলা জানালা দিয়ে ফুরফুরে গঙ্গার হাওয়া আসছে। শ্রীযুক্ত সুবোধ ঘোষ চোখ বন্ধ করে মন দিয়ে গান শুনছেন। খুব ভাব দিয়ে গায়করা যথাসম্ভব হারমোনিয়ামের সঙ্গে সুর মিলিয়ে চেষ্টা করে যাচ্ছেন- এস এস আমার ঘরে এস- এবং তার সঙ্গে হারমোনিয়াম।

এর মধ্যে হঠাৎ বাঁজখাই সমবেত চিৎকার-‘গেল গেল গেল- ধর ধর ধর’। শ্রীযুক্ত সুবোধ ঘোষ অবাক হয়ে গেলেন। সরকারী চাকুরেদের ওপর রবীন্দ্রনাথের এত রাগ কেন যে এই আসতে না আসতেই চলে যেতে চাইছেন এবং তাঁকে ধরে রাখতে হবে? যত দূর জানি - সরকারী চাকুরেদের তো রবীন্দ্রনাথের কাছে কোনোদিনও কোনো দাবী দাওয়া অথবা ধর্না দেওয়ার কথা শোনা যায়নি?

শ্রীযুক্ত সুবোধ ঘোষ চোখ খুলে ব্যাপারটা বোঝার চেষ্টা করলেন। কিছুই বুঝলেননা। যে ভদ্রলোক ঘোষমশাইকে নিমন্ত্রণ করে নিয়ে এসেছিলেন তাঁকেই জিজ্ঞাসা করলেন। যা বুঝলেন তা হলো ওই আগমনী গানের লেখা কাগজটা হারমোনিয়াম এর উপর রাখা ছিল - যেটা দেখে দেখে সবাই সমবেত গানটা গাইছিলেন। ওই নিউ সেক্রেটারিয়েট বিল্ডিং এর জানালা দিয়ে ফুরফুরে গঙ্গার হাওয়ায় সেই কাগজটা উড়ে চলে গেছে তেরোতলার নীচের রাস্তায়। সুতরাং সেইজন্যই ‘গেল,গেল,গেল, ধর,ধর,ধর’ চিৎকার এবং সব সমবেত গায়কদের ধূপধাপ করে সিঁড়ি দিয়ে নীচে নামার শব্দ এবং কোলাহল। ব্যাপারটা বোঝা গেল এতক্ষণে!

ভাটিয়া সাহেব বোমবাইএর হিন্দী সিনেমা জগতের এক বিরাট মেকআপ আর্টিস্ট। অর্থাৎ তিনিই শাহরুখ খানকে জন্মদা, আশা পারোখ কে বার্নার্ড শ, দেবানন্দ কে জটধারী ভৈরবী এইসব তাবড়,তাবড় মেকআপ করিয়ে থাকেন। শুনেছি ভাটিয়া সাহেবের স্টুডিওতে রবীন্দ্রনাথের নানা বয়সের নানা মুখের ছবি লাইন করে দেওয়ালে লাগানো আছে। শুনে মনটা ভাটিয়া সাহেবের ওপর ভক্তিতে ভরে গেল। সেই সুদূর বোমবাই শহরে এত ‘রবীন্দ্র’ ভালোবাসা? কিন্তু তারপর জানলাম ওইসব দাড়িযুক্ত নানাবয়সের রবীন্দ্রনাথের ছবি টাঙ্গানোর একমাত্র উদ্দেশ্য কাকে কোন দাড়ি লাগাতে হবে তা চটজলদি ভাটিয়া সাহেবের সহায়কদের বোধগম্য করানো। যেমন চার নম্বর দাড়িওয়ালা ছবির মতন দেবানন্দের দাড়ি দিয়ে মেকআপ হবে ইত্যাদি ইত্যাদি। কত নম্বর ছবি দিয়ে যে আশা পারোখ কে বার্নার্ড শ করা যেতে পারে- সেটা আমার জানার ইচ্ছে থাকলেও জানতে পারিনি। জানার ইচ্ছে রইল কিন্তু।

কি করে এই লেখা শেষ করবো জানিনা। তাই ভাবলাম রবীন্দ্রনাথের কথাই যখন লিখলাম- তখন একটু জ্ঞানচর্চা ও করে নিই। ভয় পাবেন না- এই জ্ঞানচর্চায় তেমন গভীরে যাবনা। কথাটা হচ্ছে ‘গন্ড’-যার নাকি নানা মানে- যেমন কিনা গন্ডদেশ- অর্থাৎ কিনা কপোল, গাল। আবার কিনা বড় ফোঁড়া (গলগন্ড)। কেউ যদি আবার একেবারে নির্বোধ সে কিনা গন্ডমূর্খ। আবার গন্ডক মানে কিনা গন্ডার। আবার কোথাও খুব বড় ঝামেলা হলে লোকে বলে খুব গন্ডগোল হচ্ছে- অর্থাৎ কিনা গোলযোগ খুবই বড় ভাবে হচ্ছে। সে রকম আমার ধারণা ছিল -অনেকেরই নাকি ধারণা গন্ডগ্রাম মানে ছোটখাট দূরদেশের কোন একটা গ্রাম। কিন্তু বাংলা সংসদ অভিধানে আমার নিজের ভুল সংশোধন করলাম। গন্ডগ্রাম মানে নাকি বেশ বড়সড় প্রধান গ্রাম। খুবই গন্ডগোলের শব্দ এই ‘গন্ড’।

চারদিকে সবসময়ই শূনি- সবাইকার একসারসাইজ করা উচিত। মাইলের পর মাইল হাঁটুন, নড়াচড়া করুন। তাহলেই হার্ট ভালো থাকবে, শরীরে মেদ জমবেনা। কিন্তু হাঁটাহাঁটি করলেই হবেনা, জোরে জোরে হেঁটে ঘেমে পরিশ্রম করতে হবে যাতে হার্ট জোরে জোরে চলে- যাকে বলে কার্ডিও একসারসাইজ। কেবল টিভির সামনে বসে থাকলে নাকি পঞ্চাশ এর অধিক বাঁচা অসম্ভব। কিন্তু আমি বুঝিনা হাতী, গভার, জলহস্তী, কচ্ছপ - এরা এত বাঁচে কি করে? এরা কেউই তো সেরকম নড়াচড়া করেনা। তাহলে একসারসাইজ করা বোধহয় ভাল নয়- বেশীদিন বাঁচতে হলে ঘুমিয়ে থাকুন চব্বিশ ঘন্টাই। আমিও তাই করবো ভাবছি - যাতে দেশান্তরীর লক্ষীপূজার পাঠাঁর মাংস অনেক বেশীদিন ধরে খেতে পারি। আপনারাও তাই করুন- এই আমার উপদেশ।

যা দেবী সর্বভূতেষু

পাঠাঁর মাংসরূপেন সংস্থিতা

নমস্তসৈঃ নমস্তসৈঃ নমস্তসৈঃ নমঃ নমঃ।

Yin Yang

Oishee Ghosh, Age 14 years



"Yancey Yelnats, from Newshore, Drachedge is suspected of stealing valuable electronics from a local shop. Please notify your local authorities if you see a man in his early twenties, with brown hair in a 'curtained' haircut. He has brown eyes, a medium build, is 5 feet 8 inches tall, and is identifiable by a straight left eyebrow and an arched right eyebrow," the TV reporter blared on just until Yancey grabbed the remote and switched the television set off.

They were speaking about his fifth robbery on the news. It was Friday, October 24th. In a week Yancey would attempt his sixth robbery, at a house on Halloween.

When Yancey thought about robberies, it brought him back to his childhood. Oh, how innocent he had been, so oblivious to everything around him. He flashed back to that one day in kindergarten, where his now-enemy, then-best friend Detective Veronica Stewart picked up the pencil he had dropped. Yancey then thought to the day when he learned robbery was his calling.

"Thank you, Veronica," Yancey Yelnats thanked the fellow student in his kindergarten class who handed him his pencil, which had fallen to the floor. Yancey loved writing, drawing, expressing himself. He knew the power of the pen was greater than that of the sword. At the age of four.

He was everyone's best friend. A loyal one, too. Treated each and every person with respect.

Fast-Forward to grade 5, where Yancey was on every single team, every single club, straight A's in school. He was perfect, and he didn't like it one bit. All his life, he felt forced towards helping others-but so what? Yancey had always felt a grit, a sort of edge towards things, and for an unknown reason felt good doing something bad.

There were times when Yancey felt a twinge of naughtiness, a desire to do something bad. However, he always dismissed the thought just as fast as it came to him.

One day at school in the eighth grade Kevin, the school bully came up to Yancey and taunted, "Hey Yancey, I bet you're such a wimp you can't even steal weak little Eugene's glasses. Come on, I'll pay you five bucks," he finished with a sneer. Though Yancey was reluctant, he let all that rage that wanted to impress Kevin control him into accepting the obnoxious bully's challenge.

"I'll do it, Kevin," Yancey replied in a defiant tone.

That was it. He ended up stealing the glasses during gym class. Broke them in two for good measure. Kevin accepted Yancey into his crew for a day.

Yancey reminisced on the memory as he planned his Halloween robbery.

Halloween was ideal- no security, some of the richer, or busier families simply put out the candy for trick-or-treaters to help themselves.

Yancey needed to carefully walk through his plan. Firstly, he knew a disguise was absolutely necessary. After doing his research, Yancey concluded that he would dress as a vampire. It was the most common Halloween costume. He could also wear a mask, gloves, and a cape to conceal his identity as much as possible.

Next, where would he commit the robbery? Definitely one of the richer neighbourhoods-they had the most valuables.

He decided on 111 Shore Road. It was a large, stately mansion with a majestic design and a beautiful garden. Yancey could tell there were a ton of valuables inside.

Yancey also knew the couple that lived there, Sandra and Jason. He had gone to school with them. Though they were a handful of years older than him, Yancey used to be good friends with the couple.

The final step in Yancey's plan was to dispose of the costume once he had committed the robbery. He decided to mail it off to an unknown address, and keep a different costume should the authorities question him.

Throughout the week, Yancey carefully put together bits and pieces of his plan. Purchased the costume, found a new mailing address...

At last, it was Friday October 31st. Halloween. At precisely 7 pm Yancey left his apartment. He stopped by some houses on Shore road, trick or treating-until at last Yancey arrived at 111 Shore road. The house was nicely decorated, with various store-bought decorations all over the yard and the house. There was a sign on the yard marked 'Enter and Help Yourself'. He knocked on the door. No one replied. Yancey turned the doorknob.

Climax

And he was in. Consumed with curiosity, Yancey barely heard the door lock shut behind him. It was eerily silent. What would have otherwise been a cheery, bright house was almost pitch

black, with nothing but remaining sunlight peeking through the blinds casting shadows resembling frightening ghosts.

The ancient wood floors creaked as Yancey carefully moved step-by-step attempting to find the most valuables he possibly could.

All of a sudden, he heard an excited scream coming from downstairs. The lights flashed on for a split second.

Yancey froze, heart thudding against his chest. He considered his options; either to exit the house or continue on. He decided to find something to steal. After all, he had to pay his bills somehow.

Precisely sixty seconds passed as Yancey paced up the stairs, heart racing and found himself on the second floor. He found himself in a large hallway, with thick carpet lining the floors. A tiny light flickered at the end of the hallway. Glad that the carpet muffled sound, Yancey ran across and found himself in front of a door marked 'do not enter'. It was slightly ajar. Could this be where the scream had originated from?

The young robber wandered in and descended a series of slippery marble steps. At last, he found himself in a brightly lit room, filled with ancient books. It had the musty smell of library and the industrial lighting of a warehouse. Yancey stealthily poked around, and found that the books told of famous robberies around the world, speaking highly of only the greatest robbers. All of a sudden, Yancey flashed back to a myth he had heard when he was younger, speaking of a secret association of robbers around the world-who robbed for good. A 'Robin Hood' of sorts.

Suddenly, a young, fit man slid down a zipline, screaming "Whooooooop!!!". As he reached the end he calmly disembarked and walked around the room, humming to himself. Minutes passed until he noticed Yancey, and said, "Oh hey there! We were expecting you." The man, though young had a kindly, knowing smile that could have easily belonged to someone a thousand years old. All of a sudden, Yancey realized it was Jason, whom he had gone to school with so many years ago.

They both quickly explained their stories to each other, Jason mentioning how he belonged to a secret organization of robbers who stole for good. All of a sudden, everything fit into place. The scream he had heard when entering, it was Jason trying out zip lining for the first time. The whole setup of the mansion was nothing but a test of his abilities. Really, it was ingenious. When Jason spoke the words "We are recruiting. Would you be interested in being our youngest member?"

Yancey broke out into an enormous smile. He shook his old schoolmate's hand. "Yes, of course", he replied.

My quiet place...

Reeto Ghosh, Grade 6



When I think about it, I really don't know where my quiet place is. I do know that when I get the chance to go on an adventure, it would be in the forest. I would rest on a moss covered log listening to the birds flap their wings and watch squirrels climb up trees. I would build my own fort out of the fallen logs and hide from blood-thirsty mosquitoes. There could be anything in the forest. I would find shallow waters and swim in there pretending to be a deep sea diver watching fish swim. But if it is not the summer and was fall ...

I would be at home gathering up all the dry leaves and build a leaf pile and jump into it. I would camouflage myself at school hoping to hide in manhunt or I would play foursquare with my friends at school or I would watch the trees changing colors on the way home through the bus window. Maybe my class could go to prepare the haunted library quietly to scare the younger grades. The haunted library is something our school allows the grade 6 to prepare for Halloween. But if it was winter...

I would build a snow fort with my friends at school or I would be in my backyard where I would build an igloo pretending to live in the icy "arctic" as an adventurer or I would hide in the great white snow banks or I might even just build a regular old snowman. When I feel cold I would go inside home and make a warm hot chocolate. But if it was spring and not winter...

My quiet place would be outside where I would bike around in my thin jacket or I would try to use my "skateboard," a gift I got from my uncle. While at home, I would watch TV and just play Minecraft and build virtual cities with buildings and in-game characters, so I can quietly go on adventure at new places when I don't have the chance in real life. Minecraft is something I would play year round.

What is your Quiet Place?

Two further additions to the English Dictionary :

1. Rahul (raa-hool) - Adjective.

Meaning : A person or a creature totally devoid of perception as to what he is, what he is supposed to do or why he is doing whatever he is doing.

Usage in sentence:

"Please re-transfer this new chap you have posted in my department last week; he is a Rahul."

"Mr. Swami's son appeared to be a good match for my daughter, but she dropped him like a hot potato when she found him to be a Rahul."

2. Barack (bah-rahk) - Noun, Verb

Meaning : An act of speaking, deliberating, discussing, elaborating and orating on a subject to such a boring and exasperating extent that everybody (including the speaker) forgets what the topic was, what is to be done, why it is to be done, when is it to be done and who is going to do it.

Usage :

"After the month-long barack, the Parliament decided to drop the Bill."

"After an hour of baracking by the President, the victims bitterly regretted that they were among the survivors."

"He baracked the hell out of the audience."

Banta Singh \ Santa Singh Jokes

DISNEYLAND

Banta Singh and Santa Singh were going to Disneyland. They were driving on the Interstate when they saw the sign that said Disneyland LEFT. They started crying and turned around and went home.

FLORIDA OR MOON

Banta Singh and Santa Singh were living in Oklahoma. They were sitting on a bench talking, and Banta says to Santa, 'Which do you think is farther away... Florida or the moon?'

The Santa Singh turns around and says 'Helloooooo, can you see Florida?'

CAR TROUBLE

Santa Singh pushes his BMW into a gas station. He tells the mechanic it died. After the mechanic works on it for a few minutes, it is idling smoothly.

Santa says, 'What's the story?'

He replies, 'Just crap in the carburetor'

To which Santa Singh asks, 'How often do I have to do that?'

SPEEDING TICKET

A police officer stops Banta Singh for speeding and asks him very nicely if he could see his license.

Banta replied in a huff,

'I wish you guys would get your act together.

Just yesterday you take my license away, and now today you expect me to show it to you?'

AT THE DOCTOR'S OFFICE

Santa Singh goes into the doctor's office and said that his body hurt wherever he touched it.

'Impossible!' says the doctor. 'Show me.'

The Santa took his finger, pushed on his left shoulder and screamed, then he pushed his elbow and screamed even more. He pushed his knee and screamed; likewise Santa pushed his ankle and screamed. Everywhere he touched made him scream.

The doctor said, 'You're not really Banta Singh, are you?'

'Well, no' he said, 'I'm actually Santa Singh.'

'I thought so,' the doctor said, 'Your finger is broken.'

BLONDE ON TIME

A girl was visiting her blonde friend, who had acquired two new dogs, and asked her what their names were.

The blonde responded by saying that one was named Rolex and one was named Timex.

Her friend said, 'Whoever heard of someone naming dogs like that?' 'Hellooooo. . . ,' answered the blonde. 'They're watch dogs'

IN A VACUUM

A blonde was playing Trivial Pursuit one night.

It was her turn. She rolled the dice and she landed on Science & Nature. Her question was, 'If you are in a vacuum and someone calls your name, can you hear it?' She thought for a time and then asked, 'Is it on or off?'

FINALLY, THE BLONDE JOKE TO END ALL BLONDE JOKES!

In the swim-meet, after the blonde came in last competing in the breast-stroke, she complained to the judges that "all the other girls were using their arms."

Two Paintings

Arun Shankar Roy



The Bride (Acrylic)



Cleopatra (Acrylic)

Autumn dawns

Shila Biswas



Medium: Water colour on paper

Fireworks

Yogadhish Das



Fireworks are a big part of Durga Puja in India. Here are a few photos from a local fireworks festival to pay tribute to this time-honoured practice.







The Picture collage

Tanima Majumdar



The Sea collage

Tanima Majumdar



Red Hibiscus

Nirmal Sinha



Rakta Jaba (Progeny of a tree grown from a 1982-cutting sampled from an older hibiscus tree in New-Delhi Kalibari)

(Photographed by Nirmal Sinha)